দাওয়াহ ইলাল্লাহ ফোরামের নির্বাচিত পোস্ট সমগ্র

২০১৫ ঈসায়ী

জীবনী আর্কাইভ- ২০১৫

দাওয়াহ ইলাল্লাহ ফোরামের
নির্বাচিত পোস্ট সমগ্র
২০১৫ ঈসায়ী

সূচীপত্র

খালিদ বিন ওয়ালীদ (রাঃ) ৪

হাল্লাজ কে? ইসলামের ইতিহাসে তার অবস্থান কী? ১৪

মাসজিদে আকসা উদ্ধার কারীদের প্রতি..... ১৯

'হাশরের ময়দানে দেখা হবে'..... ২৯

মোল্লা মুহাম্মদ উমার মুজাহীদের (রাহিমাহুল্লাহ).....৩৩

আমরা যাদের উত্তরসূরি..... ৪০

আগুন..... ৪৯

শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়া (র)-এর সংক্ষিপ্ত জীবনী ৫৪

আবু মূসা আলাইহি ওয়া সাল্লাম আল আশয়ারী (রা).....৬৩

হাফসা বিনতে উমার ইবনুল খাত্তাব (রা)..... ৭৭

আল-কায়েদা ভারত উপমহাদেশের নায়েবে আমীর ও দ ৯৩

আমীরুল মুজাহিদীন শায়খ আইমান আজ-জাওয়াহিরি..... ১০০

মোল্লা মুহাম্মাদ উমার হাফিযাহুল্লাহঃ ১০৪

আসিম আল মাকদিসির (দা.বা.) জীবনি ১০৮

খালিদ বিন ওয়ালীদ (রাঃ)

কাল পতাকা

Senior Member

০৮-১৯-২০১৫

ভূমিকা :

খালিদ বিন ওয়ালীদ (রাঃ) ছিলেন মুসলিম ইতিহাসে ইতিহাস সৃষ্টিকারী এক মহান সেনাপতি। যিনি রণক্ষেত্রে নিজের শক্তি ও মেধার দ্বারা বাতিলের শক্তি মূলোৎপাটন করে তাওহীদের ঝান্ডাকে বুলন্দ করেছিলেন। মিসরের খ্যাতনামা সাহিত্যিক ও ঐতিহাসিক আববাস মাহমুদ আল-আক্কাদ 'আবকারিয়াতু খালিদ' নামক গ্রন্থে তাঁর সামরিক ব্যক্তিত্বের পর্যালোচনা করে বলেন, 'সামরিক নেতৃত্বের সব গুণাবলীই খালিদ (রাঃ)-এর মধ্যে ছিল। বাহাদুরী, সাহসিকতা, উপস্থিত বুদ্ধি, তীক্ষ্ম মেধাসম্পন্ন, অত্যধিক ক্ষিপ্রতা এবং শত্রুর উপর অকল্পনীয় আঘাত হানার ব্যাপারে তিনি ছিলেন অদ্বিতীয় (তালিবুল হাশেমী, বিশ্বনবীর সাহাবী, অনুবাদ : আব্দুল কাদের (ঢাকা : আধুনিক প্রকাশনী, ২য় সংস্করণ; ১৯৯৪ খ্রিঃ, ১/১৮৮ পৃঃ)। নিমেণ এ কুশাগ্রবুদ্ধি মহান সেনাপতির সংগ্রামী জীবনের বিভিন্ন দিক তুলে ধরা হ'ল।

নাম ও জন্ম :

মূল নাম খালিদ, উপনাম আবু সুলায়মান ও আবুল ওয়ালীদ। লক্বব সাইফুল্লাহ (আল্লাহর তরবারী)। মূতার যুদ্ধে অসমান্য অবদানের জন্য তিনি 'সাইফুল্লাহ' উপাধিতে ভূষিত হন।

খালিদের জন্ম তারিখ সম্পর্কে সঠিক কোন তথ্য পাওয়া যায় না। তবে এতটুকু জানা যায় যে, নবুয়তের ১৫ অথবা ১৬ বছর পূর্বে তাঁর জন্ম হয়। আর রাসূল ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম))-এর নবুয়ত প্রাপ্তির সময় তাঁর ২৪ অথবা ২৫ বছর বয়স হয়েছিল।

বংশ পরিচয় :

পিতা ওয়ালিদ ইবনু মুগীরা। মাতা লুবাবা আস-সুগরা। যিনি উম্মুল মু'মিনীন হযরত ময়মুনা বিনতুল হারিছের বোন (আছহাবে রাসূল ২/৬৩ পৃঃ)। এ দৃষ্টিকোণ থেকে রাসূলুল্লাহ ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)) তাঁর খালু। তিনি মক্কার বিখ্যাত কুরাইশ বংশে জন্মগ্রহণ করেন। তাঁর বংশ তালিকা হচ্ছে-খালিদ ইবনু ওয়ালীদ ইবনে মুগীরা ইবনে আব্দুল্লাহ ইবনে উমর ইবনে মাখযুম আল-কুরাশী আল-মাখযুমী (আল-ইছাবাহ ফী তাময়ীযিছ ছাহাবা, ২/৯৮ পৃঃ)।

ইসলাম গ্রহণ :

রাসূলুল্লাহ ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)) খালিদ ইবনু ওয়ালিদের ইসলাম গ্রহণের জন্য দো'আ করতেন। তিনি বলতেন, 'হে আল্লাহ খালিদ ইবনু ওয়ালিদ, সালামা ইবনু হিশাম এবং দুর্বল মুসলমানদেরকে কাফিরদের হাত থেকে মুক্তি দান করুন'। এ দো'আর বরকতে আল্লাহর রহমতে ৭ম হিজরী সনে খালিদ ইবনু ওয়ালীদ ইসলাম গ্রহণ করেন (তাফসীর ইবনু কাছীর ১৬৩ পৃঃ)। তবে তাঁর ইসলাম গ্রহণের সময় সম্পর্কে মতভেদ পরিলক্ষিত হয়। আসমাউর রিজালের বিভিন্ন গ্রন্থে বলা হয়েছে, তিনি ৮ম হিজরীতে জন্মগ্রহণ করেছেন। আমর ইবনুল 'আছ (রাঃ) নাজ্জাশীর দরবারে ইসলাম গ্রহণ করেছেন তা সবার জানা কথা। এটা অষ্টম হিজরীর ঘটনা। অপর বর্ণনায় পাওয়া যায়, আমর হাবশা থেকে ফেরার পথে খালিদ এবং উছমান ইবন ত্বালহার সাথে সাক্ষাত হয় এবং তারা তিনজন একত্রে ইসলামের গ্রহণ করে। এতে বোঝা যায় এরা সপ্তম হিজরীর প্রথম দিকে ইসলাম গ্রহণ করেছিলেন। আল্লাহ পাকই সবকিছু ভাল জানেন (আর-রাহীকুল মাখতূম ৩৫৭ পৃঃ)। হযরত খালিদ ইবনু ওয়ালিদ বলেন, আমি রাসূলুল্লাহ ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম))-এর হাতে বায়'আত গ্রহণকালে বলেছিলাম আল্লাহর পথে বাঁধা সৃষ্টি করে জীবনে যত পাপ করেছি হে আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তা ক্ষমার জন্য দো'আ করুন। তখন রাসুলুল্লাহ ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)) তাকে বলেছিলেন, 'ইসলাম অতীতের সকল গুনাহসমূহকে মুছে দেয়'। আমি বললাম ইয়া রাসূলুল্লাহ ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম))! আমি এ কথার উপর বায়'আত করলাম (রিজালুন হাওলার রাসূল, ২৮৪ পৃঃ)।

ইসলামের দাওয়াত সম্প্রসারণে খালিদ :

হিজরী নবম সনে রাসূল ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)) খালিদকে তাওহীদের দাওয়াত প্রচারের উদ্দেশ্যে বনী জুজাইম গোত্রে প্রেরণ করেন। খালিদের দাওয়াতের ফলে বনী জুজাইম গোত্র ইসলাম ধর্মে দিক্ষিত হয়। কিন্তু অজ্ঞতাবশতঃ তারা তাদের অভিব্যক্তি ব্যক্ত করতে না পারায় খালিদ তাদের ভুল বোঝেন। তিনি তাদেরকে হত্যার আদেশ দেন। ফলে সে গোত্রের বহুলোককে হত্যা করা হয়। রাসূল ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)) বিষয়টি অবহত হ'লে তিনি ভীষণ দুঃখিত হন। তিনি হাত উঠিয়ে দো'আ করেন, 'হে আল্লাহ খালিদ যা করেছে এ ব্যাপারে আমি দায়মুক্ত। অতঃপর তিনি আলী (রাঃ)-কে সেখানে পাঠান এবং তাদের ক্ষতিপূরণ দেন। এমনকি তাদের নিহত প্রাণীগুলোরও ক্ষতিপূরণ দেন (বুখারী, কিতাবুল মাগাযী, পৃঃ ৪৫০)।

১০ম হিজরী সনে রাসূলুল্লাহ ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)) খালিদ (রাঃ)-কে নাজরানের বনু আব্দিল মাদ্দাদের গোত্রে পাঠান। যেহেতু খালিদ বনু জুজাইমের ক্ষেত্রে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করে কঠিন ভুল করেছিলেন সেজন্য রাসূল ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)) এ যাত্রার পূর্বে তাকে বিশেষভাবে নছীহত করে বলেন, 'কেবল ইসলামের দাওয়াতই দিবে, কোন অবস্থাতেই তলোয়ার উঠাবে না। তিনি এ নছীহত পুঙ্খানুপুঙ্খভাবে পালন করেন। তার দাওয়াতে মাদ্দান গোত্র ইসলাম কবুল করে ধন্য হয়। এ সকল নওমুসলিমদের তিনি দ্বীনী তা'লীম ও তারবিয়াত শিক্ষা দেন এবং তাদেরকে রাসূলুল্লাহ ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম))-এর দরবারে নিয়ে আসেন। একই বছরে ইয়ামানবাসীর নিকটে দাওয়াত প্রচারে খালিদ ও আলী (রাঃ)-কে পাঠান। তাঁদের দাওয়াতে সাড়া দিয়ে ইয়ামানবাসী ইসলাম গ্রহণ করে (আসহাবে রাসূল, ২/৬৬ পৃঃ)।

মূর্তি ভাঙ্গলেন খালিদ :

জাহেলী যুগে আরববাসীদের মূর্তিপূজার একটি অন্যতম কেন্দ্র ছিল উজ্জা। রাসূল ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)) খালিদকে ঐ কেন্দ্রীয় মূর্তিটি ধ্বংসের জন্য পাঠালেন। তিনি সেখানে গিয়ে নিমেণর পংক্তিটি আবৃতি করতে করতে তাকে মাটির সাথে গুড়িয়ে দেন, 'ওহে উজ্জা তুই অপবিত্র, আমরা তোকে অস্বীকার করি। আমি দেখেছি আল্লাহ তোকে অপমান করেছেন'।

সাইফুল্লাহ তথা আল্লাহর তরবারী উপাধি লাভ :

মূতার যুদ্ধে তিনজন সেনাপতিকে হারিয়ে মুসলিম বাহিনী যখন কিংকর্তব্যবিমূঢ় তখন তারা খালিদ ইবন ওয়ালীদকে সিপাহসালার মনোনীত করেন। অতঃপর প্রধান সেনাপতি নিযুক্ত হয়ে খালিদ অসীম বীরত্ব ও অপূর্ব দক্ষতা প্রদর্শন করে বিজয় পতাকা উড্ডীন করেন। মুহাম্মাদ ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)) তাঁর এই তেজস্বীতা ও বীরত্বের স্বীকৃতি স্বরূপ তাকে সাইফুল্লাহ তথা আল্লাহর তরবারী উপাধিতে ভূষিত করেন।

রণাঙ্গনে খালিদ :

খালিদ ইবনু ওয়ালীদ (রাঃ) ইসলাম গ্রহণের মাত্র দুমাস পরেই সর্বপ্রথম মূতার যুদ্ধে অংশগ্রহণ করেন। ৬২৯ খৃষ্টাব্দের ২২ শে মার্চ মূতার যুদ্ধ সংগঠিত হয়। এ যুদ্ধ পরিচালনার জন্য যায়েদ ইবনু হারিছা (রাঃ)-কে প্রধান সেনাপতি নিযুক্ত করেন। তিনি নির্দেশ দেন যায়েদ নিহত হ'লে জাফর আর জাফর নিহত হ'লে আব্দুল্লাহ ইবনু রাওয়াহা (রাঃ) সেনাপতির দায়িত্ব পালন করবে। যখন উভয়পক্ষের মাঝে তুমুল যুদ্ধ শুরু হ'ল তখন তিন সেনা কমান্ডারই অতুলনীয় বীরত্বের সাথে যুদ্ধ করতে করতে অবশেষে শাহাদত বরণ করেন। অতঃপর জনতার মতামতের ভিত্তিতে খালিদ ইবনু ওয়ালিদ (রাঃ) সেনা কমান্ডার নিযুক্ত হন। অতঃপর তিনি অসীম বীরত্ব দেখিয়ে শত্রু পক্ষকে ছিন্নভিন্ন ও ছত্রভঙ্গ করে দেন। তিন তিনজন সুযোগ্য সেনা নায়ককে হারিয়েও মুসলমানরা অবশেষে বিজয় লাভ করেছিল (আর-রাহীকুল মাখতুম ৪০১-৪০২ পৃঃ)। ছহীহ বুখারীতে স্বয়ং খালিদ ইবনু ওয়ালিদ থেকে বর্ণিত হয়েছে যে, মূতার যুদ্ধে আমার হাতে নয়টি তলোয়ার ভেঙ্গেছে। এরপর আমার একটি ইয়ামানী তলোয়ার অবশিষ্ট ছিল (ছহীহ বুখারী, মূতার যুদ্ধ অধ্যায় ২/৭১১ পৃঃ)।

১০ম হিজরী সনে মক্কা বিজয়ের মূহূর্তে ছাহাবাগণ যখন মক্কায় প্রবেশ করছিলেন তখন রাসূল ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)) খালিদকে নির্দেশ দিলেন যে, তিনি যেন মক্কার ঢালু এলাকায় প্রবেশ করেন। নবী ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)) খালিদকে বলেন, যদি কুরাইশরা কেউ তোমার পথে বাঁধা হয়ে দাঁড়ায় তাহ'লে তুমি তাকে ক্বতল করবে। এরপর মক্কায় গিয়ে আমার সাথে দেখা করবে। খালিদ (রাঃ) রাসূল ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম))-এর এ নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করেন। অতঃপর তিনি ও তাঁর সঙ্গীদের পথে যেসব পৌত্তলিক বাঁধা

হয়ে এসেছিল তাদেরকে মুকাবেলা করে হত্যা করেন। অতঃপর খান্দামা নামক স্থানে খালিদ ও তাঁর সঙ্গীদের সাথে উচ্ছৃঙ্খল কতিপয় কুরাইশ পক্ষ মুখোমুখি হয়। কিছুক্ষণ সংঘর্ষ চলে। এতে বারো জন কুরাইশ নিহত হয়। এ ঘটনায় কুরাইশদের মনে আতঙ্ক ছড়িয়ে পড়ে। মুসলমানদের সাথে যুদ্ধ করতে সংকল্পবদ্ধ হাম্মাম ভয়ে ভীতু হয়ে ছুটে গিয়ে ঘরে প্রবেশ করে। এভাবে খালিদ (রাঃ) মক্কার দক্ষিণাংশের সমস্ত বিপর্যয় অত্যন্ত সাহসিকতার সাথে মুকাবেলা করে রাসূল ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম))-এর সাথে মিলিত হন (আর-রাহীকুল মাখতুম ৪১৯ পৃঃ)।

ভন্ডনবীদের দমনে খালিদ :

রাসূল ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম))-এর ইন্তেকালের পর সমস্ত আরবে বিদ্রোহের দানা বাঁধতে থাকে। একদিকে ইসলাম ত্যাগকারী ও যাকাত অস্বীকারকারী, অপর দিকে ভন্ডনবীদের উৎপাত মাথা চাড়া দিয়ে ওঠে। এই ফেৎনাবাজদের শিরদাড়া গুড়িয়ে দেওয়ার জন্য ইস্পাত কঠিন শপথ নিয়ে আবূ বকর (রাঃ) তাদের উদ্দেশ্যে বেরিয়ে পড়েন। কিন্তু বিশিষ্ট ছাহাবীদের অনুরোধে তিনি তা করেননি বরং মদীনাতেই রয়ে গেলেন। তিনি গোটা সেনাবাহিনীকে ১১টি সেক্টরে ভাগ করে ১টি ভাগের দায়িত্ব দিলেন খালিদকে। খালিদকে মদীনা থেকে বিদায় দেওয়ার সময় তাকে উদ্দেশ্য করে বলেছিলেন, তোমার সম্পর্কে আমি রাসূল ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম))-কে বলতে শুনেছি, 'খালিদ আল্লাহর একটি তরবারী-যা আল্লাহ কাফের ও মুনাফিকদের বিরুদ্ধে কোষমুক্ত করেছেন। খালিদ আল্লাহর কতইনা ভাল বান্দা' (রিজালুন হাওলার রাসূল ২৯৩ পৃঃ)। তিনি তাঁর বাহিনী নিয়ে মদীনা ত্যাগ করেন। সর্বপ্রথম তিনি ভন্ডনবী তুলায়হার বিরুদ্ধে অভিযান পরিচালনা করেন। তুমুল যুদ্ধ চলছে। প্রতিটি সংঘর্ষে তুলায়হা পরাজয় বরণ করছে। এমন সময় তুলায়হা একদিন তার আপনজনদের জিজ্ঞাসা করল আমাদের এত বিপুল সৈন্য থাকতেও আমাদের এমন শোচনীয় পরাজয় কেন? তার সঙ্গীরা তাকে বলল, আমাদের প্রত্যেকেই চায় তাঁর সাথী আগে মারা যাক আর তারা প্রত্যেকেই চায় যে সে তাঁর সঙ্গীর আগে মৃত্যুবরণ করুক (হায়াতুছ ছাহাবা ৩/৬৯৩ পৃঃ)। অতঃপর খালিদ তুলায়হার সঙ্গী-সাথীদের হত্যা করেন এবং ৩০ জনকে বন্দী করেন। তারপর তিনি মূসায়লামাতুল কাযযাবের বিরুদ্ধে অভিযান পরিচালনা করেন। মুসাইলামা হামযা (রাঃ)-এর

হত্যাকারী ওয়াহশী (রাঃ)-এর হাতে নিহত হয়ে চির বিদায় নেয় (আসহাবে রাসূলের জীবনকথা ২/৬৭ পৃঃ)। 'তারীখুল খুলাফা' গ্রন্থকার বলেন, ভন্ড নবীদের ফিৎনা নির্মূল করার পর হযরত খালিদ (রাঃ) যাকাতদানে অস্বীকৃতি জ্ঞাপনকারী ও মুরতাদদের দিকে ধাবিত হন এবং তাদের উপর কঠিনতর আঘাত হানেন। তাদের কিছু মারা যায় এবং কিছু ধৃত হয়। আর অবশিষ্টরা তওবা করে ইসলামে ফিরে আসে' (তারীখুল খুলাফা, ৭২ পৃঃ)।

অপরাজিত এক বীর সিপাহসালার খালিদ :

অভ্যন্তরীণ গোলযোগ দমনের পর খালিদ ইরাক অভিমুখে রওয়ানা দেন। আনবার, আইনুত তামুর, দুমা, হীরা ও সোনা প্রভৃতি অঞ্চল অত্যন্ত সাহসিকতার বিজয় লাভ করেন। খালিদ বিন ওয়ালিদ (রাঃ) সর্বশেষ যুদ্ধ করেন ইরাকের ফোরাত নদীর তীরে। ফোরাতের এক তীরে মুসলিম বাহিনী অপর তীরে ইরাকী বাহিনী। ইরাকীদের প্রস্তাবমতে তাদেরকে নদী পার হবার সুযোগ দিলে তারা নদী পার হয়। মুসলিম বাহিনী শত্রু বাহিনীকে তিন দিক ঘিরে ফেলে। তাদের পিছনে বিক্ষুব্ধ তরঙ্গমালা বিশাল নদী। সামনে মুসলিম সৈন্যদের তরবারীর ভেদ। পিছনে সুবিশাল সমুদ্র। পালানোর কোন পথ নেই। সামনে অতিক্রম করলে তরবারীর আঘাত আর পিছনে ফিরে গেলে ডুবে মরা ছাড়া তাদের আর কোন উপায় ছিল না। অতঃপর মুসলিম বাহিনী শত্রু পক্ষকে কঠিনভাবে আক্রমণ করে। ফলে মুসলমানগণ বিজয় লাভ করেন। পরিশেষে যুদ্ধ বিজয়ের পর খালিদ গোপনে হজ্জ করতে যান (আছহাবে রাসূলের জীবনকথা, ৬৮ পৃঃ)।

ইরাক জয়ের পরপরই খালিদ (রাঃ) খলীফার নির্দেশে বসরায় যান ও পূর্বে অবস্থানরত মুসলিম বাহিনীর সাথে যোগদান করেন। খালিদ সেখানে পৌঁছেই বসরায় আক্রমণ করেন। তার আক্রমণে হতভম্ব হয়ে বসরাবাসী ৬৩৮ খৃষ্টাব্দে তাদের শান্তি চুক্তি করে। এরপর খালিদ সিরিয়ার দিকে অগ্রসর হন। সিরিয়ায় অভিযানের প্রথমেই খালিদ দামেশক অবরোধ করেন। সেখানে খালিদ (রাঃ) প্রায় ছয়মাস অবরোধ করে রাখেন। কিন্তু দুর্গ প্রাচীর অতিক্রম করতে পারেন নি। এ সময় এক পাদ্রীর পুত্র সন্তান জন্মের কারণে আনন্দে নগরীর অধিবাসীরা মদপানে মত্ত ছিল। তাই সময় বুঝে একদিন রাতে খালিদ তাঁর কয়েকজন সঙ্গী নিয়ে দুর্গ প্রাচীর অতিক্রম করে ভিতরে প্রবেশ করেন ও দ্বাররক্ষীদের হত্যা করেন। ফলে

নগরের প্রধান ফটক মুসলমানদের নিকট উন্মুক্ত হয়। অকস্মাৎ আক্রমণে ভীত হয়ে তারা তরিৎ সিদ্ধান্ত নিয়ে মুসলমানদের সাথে সন্ধি করে। এ অভিযানে আবু ওবায়দা, আমর ইবনুল 'আছ ও সুরাহবিল (রাঃ) খালিদকে বিশেষভাবে সহযোগিতা করেন।

দামেশক বিজয়ের পর খালিদ (রাঃ) জর্দান অভিমুখে রওয়ানা দেন এবং জর্দানের নিকটবর্তী ফিহল নামক স্থানে তাঁবু স্থাপন করেন। রোমানরা সেখানে অযৌক্তিক প্রস্তাব সম্বলিত সন্ধি প্রস্তাব দেয়। মুসলমানরা তা প্রত্যাখ্যান করেন। ফলে উভয় পক্ষের মধ্যে তুমুল যুদ্ধ শুরু হয়। এ যুদ্ধে রোমানগণ শোচনীয়ভাবে পরাজিত হয়। দামেশক জর্দান ও হিমসের ন্যায় তিনটি গুরুত্বপূর্ণ নগরের পতনে রোমান সম্রাট ভীষণ ক্ষিপ্ত হয়ে ২,৪০,০০০ জনের এক বিরাট বাহিনী প্রেরণ করেন।

খালিদ ইবনু ওয়ালীদ যুদ্ধের ময়দানে উপস্থিত হয়ে দেখতে পান বিভিন্ন কমান্ডার পৃথকভাবে সৈন্য পরিচালনা করছেন। তখন খালিদ (রাঃ) যোদ্ধাদের উদ্দেশ্যে এক গুরুগম্ভীর ভাষণ প্রদান করেন। হামদ ও ছানার পর তিনি বলেন, 'আজকে এ দিন আল্লাহর নিকট অন্যতম গুরুত্বপূর্ণ একটি দিন। তোমরা গর্ব অহংকার থেকে বিরত থাক। তোমরা খালেছভাবে যুদ্ধ কর। তোমাদের কাজের জন্য প্রভুর সন্তুষ্টি কামনা কর। এসো আমরা নেতৃত্ব ভাগাভাগি করি। কেউ আজ কেউ আগামী ও কেউ পরশু আমীর হই। আর আজকের দিন আমার উপর ছেড়ে দাও'। অতঃপর তাঁর এই তেজোদীপ্ত বক্তব্য সকলে সমর্থন দিল। প্রধান সেনাপতি পদে অধিষ্ঠিত হয়ে খালিদ (রাঃ) মুসলিম সেনাদলকে এমনভাবে বিন্যস্ত করলেন যে আরবরা কোনদিন এমন বিন্যস্তকারণ চোখে দেখেনি (আছহাবে রাসূলদের জীবনকথা ২/৬৯)। অতঃপর তুমুল যুদ্ধ শুরু হল। রোমানরা এমনভাবে আক্রমণ করল যে আরবরা এরকম বিপদে ইতিপূর্বে কখনও নিমজ্জিত হয়নি। মুসলিম বাহিনীর মাঝখানের দায়িত্বে ছিলেন কাকা ও ইকরামা (রাঃ)। খালিদ তাদেরকে ও সমস্ত মুসলিম বাহিনীকে আক্রমণের নির্দেশ দিলেন। ফলে যুদ্ধ সর্বোচ্চ রূপ ধারণ করল। হযরত খালিদও তীব্র আক্রমণ চালালেন। তিনি যে দিক গেলেন সে দিকের রোমান বাহিনী ছিন্নভিন্ন হয়ে গেল। তাদের শোচনীয় পরাজয় হল। ঐতিহাসিক তাবারীর মতে, এ যুদ্ধে লক্ষাধিক রোমান সৈন্য নিহত হয়।

এরপর মুসলমানরা বায়তুল মুকাদ্দাস অবরোধ করে। এ অবরোধে মুসলিম বাহিনীর সেনাপ্রধানদের মধ্যে খালিদও ছিলেন একজন। বায়তুল মুকাদ্দাসের অধিবাসীরা বাঁচার কোন পথ না পেয়ে স্বয়ং উমার (রাঃ)-এর নিকট সন্ধিচুক্তি করার প্রস্তাব দেন। তাদের অনুরোধে উমার (রাঃ) সন্ধিপত্রে স্বাক্ষর করেন। এভাবেই প্রত্যেক যুদ্ধে খালিদ ইবনে ওয়ালীদের সুতীক্ষ্ম ও সাহসিকতাপূর্ণ নেতৃত্ব প্রদান করে ইসলামের বিজয় পতাকা বিশ্বের ময়দানে উড্ডীন করেন।

প্রধান সেনাপতির পদ থেকে অপসারণঃ

খলীফা উমার (রাঃ) খালিদ (রাঃ)-কে ৬৩৮ খৃষ্টাব্দে প্রধান সেনাপতির পদ থেকে অব্যাহতি দেন। অতঃপর খলীফা ওমর (রাঃ) সর্বত্র ঘোষণা দেন যে, 'আমি খালিদকে আস্থাহীনতা, ক্রোধবশতঃ বা এ জাতীয় কোন কারণে অপসারণ করিনি। শুধুমাত্র এ কারণে পদচ্যুত করেছি যে, মুসলমানরা জেনে নিক যে, খালিদের শক্তির ওপর ইসলামের বিজয়সমূহ নির্ভরশীল নয়। বরং ইসলামের বিজয় আল্লাহর মদদ ও সাহায্যের উপর নির্ভরশীল (ইবনুল আছীর, তারিখে কামিল, ২/৪১৮ পৃঃ)।

অপসারণের কারণঃ

তার অপসারণের কারণ সম্পর্কে ইতিহাসে দু'টি অভিমত পাওয়া যায়। প্রথমত, মুসলিম অমুসলিম সকলেই ধারণা করত যে, খালিদ বিন ওয়ালিদের কারণে প্রত্যেক যুদ্ধে বিজয় হচ্ছে। খলিফা এ কুধারণা দূর করার জন্য তাকে অব্যাহতি দেন (আছহাবে রাসূল ২/৭৩ পৃঃ)।

দ্বিতীয়ত, তাঁর অব্যাহতির ঘটনা কেউ কেউ এভাবে বর্ণনা করেছেন যে, খালিদ (রাঃ)-এর ব্যয় কখনো কখনো সীমা অতিক্রম করত। মাঝে মাঝে তিনি বিপুল পরিমাণে সম্পদ দান করতেন। তিনি কবি আশ'আছ ইবনে ক্বায়েসকে ১০ হাজার দিরহাম দান করে দেন। খলিফা বিষয়টি অবগত হয়ে আবূ উবায়দাকে জিজ্ঞেস করতে বলেন, তিনি কোন খাত থেকে এ অর্থ ব্যয় করেছেন? তিনি উত্তরে বলেন নিজের অর্থ থেকে। তারপর তিনি খলীফার নির্দেশ পড়ে শোনান। অতঃপর খালিদ (রাঃ) বলেন, আমি খলীফার ফরমান শুনলাম ও মানলাম। কারো মতে এ ঘটনা ইয়ারমুকের যুদ্ধ চলাকালে ঘটে (আছহাবে রাসূলের জীবনকথা, ২/৭২ পৃঃ)।

রাষ্ট্রীয় দায়িত্ব পালন :

খলীফার উক্ত অব্যাহতি আদেশ তিনি অবনত মস্তকে মেনে নেন এবং সাধারণ সৈনিক বেশে বাকি যুদ্ধে শরীক থাকেন। তারপর খলীফা তাকে সিরিয়ার রাহা, হিরাত, আমদ এবং লারতার অঞ্চলসমূহের শাসনকর্তা নিযুক্ত করেন (আছহাবে রাসূলের জীবনকথা, ২/৭২ পৃঃ)। অতঃপর তিনি খলীফা প্রদত্ত দায়িত্ব গ্রহণ করে দ্রুত সিরিয়ায় গমন করেন। তিনি ইয়াযীদকে লেবানন, আমর (রাঃ)-কে জেরুজালেম, সুরাহবিলকে জর্দান অভিমুখে প্রেরণ করেন এবং তিনি দ্রুত গতিতে বলবেক, এডেসাম, আলেপ্পো, কিন্নিসিরিন প্রভৃতি স্থান দখন করে সমগ্র সিরিয়া অঞ্চলে মুসলিম শাসন সুপ্রতিষ্ঠিত করেন। আর এভাবে তিনি একজন সুদক্ষ সেনানায়ক থেকে একজন সুযোগ্য রাষ্ট্রীয় শাসকে পরিণত হন। সেখানে কিছুদিন দায়িত্ব পালনের পর স্বেচ্ছায় অবসর নেন। ইসলাম গ্রহণের পর হযরত খালিদ মাত্র ১৪ বছর জীবিত ছিলেন। এ অল্প সময়েই তিনি মোট ১২৫ মতান্তরে ৩০০ টি ছোট-বড় যুদ্ধে সরাসরি অংশগ্রহণ করেন। তবে মজার বিষয় হল তিনি কোন যুদ্ধেই পরাজিত হননি (ইবনুল আছীর, তারীখে কামিল, ৪১৮ পৃঃ)।
ইলমে হাদীছে তাঁর অবদানঃ

ইসলাম গ্রহণের পর থেকে প্রায় মৃত্যু অবধি খালিদ বিন ওয়ালিদ (রাঃ) যুদ্ধের ময়দানে অবস্থান করেছেন। মহানবী ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম))-এর সান্নিধ্যে থাকার খুবই কম সুযোগ পেয়েছেন। যেমন তিনি বলেন, জিহাদের ব্যস্ততা আমাকে কুরআনের বিরাট একটি অংশ শিক্ষা থেকে বঞ্চিত করেছে (আল-ইছাবা, ৪১৫ পৃঃ)। তারপরেও তিনি এ শিক্ষা থেকে একেবারে বঞ্চিত থেকেছেন তা নয়। বরং তিনি রাসূল ((সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম))-এর সাথে যতটুকু সময় কাঁটাতে পেরেছেন তার সদ্ব্যবহার করেছেন। তিনি মোট ১৮ মতান্তরে ১৭টি হাদীছ বর্ণনা করেন। তন্মধ্যে মুত্তাফাক্ব আলাইহি হাদীছ ২টি এবং বুখারী এককভাবে একটি হাদীছ বর্ণনা করেছেন। তিনি ফতওয়া বিভাগে সাধারণত বসতেন না। তাই তার ফতওয়ার সংখ্যা দুটির বেশি পাওয়া যায় না।

ইন্তেকালঃ

খালিদ ইবনে ওয়ালিদ (রাঃ) ৬৩৯ খ্রিঃ মোতাবেক হিজরী ২১ মতান্তরে ২২ সালে কিছুদিন অসুস্থ হন এবং ৬০ বছর বয়সে মদীনাতে মৃত্যুবরণ করেন। কিন্তু কোন কোন ঐতিহাসিকের মতে, তিনি ‘হিমছ’-এ মৃত্যুবরণ করেন। তবে এ মত ঠিক নয় বলে ধারণা করা হয়। কারণ খলীফা উমর (রাঃ) তাঁর যানাযায় উপস্থিত

হন বলে ধারণা করা হয় (উসদুল গাবা ১/৯৫)। খালিদের মৃত্যুতে উমার (রাঃ) আফসোস করে বলেছিলেন, 'নারীরা খালিদের মত সন্তান প্রসবে অক্ষম হয়ে গেছে।' এমন কি তাঁর মৃত্যুতে খলীফা নিজে কেঁদেছিলেন (রিজালুন হাওলার রাসূল, ৩০৫ পৃঃ)।

উপসংহারঃ

খালিদ (রাঃ) ইসলামের ইতিহাসে সর্বশ্রেষ্ঠ বীরের আসনে সমাসীন। সামরিক ক্ষেত্রে এবং রণাঙ্গনে তাঁর যে অবদান তা বিশ্বের ইতিহাসে বিরল ঘটনা। পাশাপাশি এ কথাও স্পষ্টত প্রতিভাত হয় যে, তিনি একজন যোগ্য শাসকও ছিলেন। পরিশেষে 'খালিদ সাইফুল্লাহ' নামক গ্রন্থের একটি উদ্ধৃতি দিয়েই শেষ করছি। সেখানে বলা হয়েছে 'আল্লাহ তা'আলা খালিদ বিন ওয়ালীদ (রাঃ)-এর উপর রহমত ও বরকত অবতীর্ণ করেছেন। তিনি ইসলাম প্রতিষ্ঠায় যে ত্যাগ স্বীকার করেছেন তা ভুলবার নয়। সুতরাং আমাদের প্রত্যেকের উচিৎ, আমরা যেন তার জীবনীর বিভিন্ন ঘটনাবলীকে নিয়ে চিন্তা করি এবং নিজেদের মধ্যে তাঁর গুণাবলীর সমাবেশ ঘটানোর চেষ্টা করি। কারণ মুসলিম জাতির তাঁর গুণাবলী অবলম্বনের মধ্যেই যথার্থ সার্থকতা নিহিত'। আল্লাহ আমাদের সহায় হৌন। আমীন!!

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?৪৯৫

হাল্লাজ কে? ইসলামের ইতিহাসে তার অবস্থান কী?

কাল পতাকা

Senior Member

০৮-১৯-২০১৫

আল-হামদুলিল্লাহ্ (সকল প্রশংসাআল্লাহ তা'আলার জন্য)

হাল্লাজের মূল নাম হলো : হুসাইন ইব্নু মানসূর আল-হাল্লাজ।

উপনাম: আবু মুগীস। কেউ কেউ বলেন: আবূ 'আব্দিল্লাহ্।

সে বড় হয়েছে ওয়াসিত্ব শহরে। কেউ কেউ বলেন, তাসতুর শহরে। সে একদল সূফীর সাথে চলাফেরা করত। তাঁদের মধ্যে অন্যতম ছিল সাহল আত-তাসতুরী, জুনাইদ, আবুল হাসান আন-নূরী প্রমূখ।

সে অনেক দেশ ভ্রমন করেছিল। তন্মধ্যে মক্কা, খুরাসান ও ভারত অন্যতম। আর ভারত থেকেই সে জাদু শিক্ষা করেন। জীবনের শেষভাগে বাগদাদে অবস্থান করেন এবং সেখানেই তাকে হত্যা করা হয়।

হাল্লাজ ভারত থেকে জাদুবিদ্যা শিক্ষা করে। সে ছিল কুট-কৌশল ও প্রতারণাকারী লোক। সে এ জাদু, প্রতারণা দ্বারা বহু মূর্খ লোকদের ধোঁকা দিয়েছিল এবং তাদেরকে তার দিকে আকর্ষিত করেছিল। এমনকি তারা তার সম্পর্কে ধারণা করতো যে, তিনি সমস্ত আওলিয়াদের মধ্যে সবচেয়ে বড়।

অধিকাংশ প্রাচ্যবিদের নিকট সে একজন গ্রহণযোগ্য ব্যক্তিত্ব এবং প্রচার করে থাকে যে, তাকে অন্যায়ভাবে হত্যা করা হয়েছে। এর কারণ এই যে, তার আকীদা ছিল খৃস্টানদের আকীদা-বিশ্বাসের মত আর সে বলতো খ্রিস্টানদের কথাই। যার বর্ণনা অচিরেই আসছে।

৩০৯ হিজরী সনে তার স্বীকারোক্তি ও তার বিরুদ্ধে অন্যদের সাক্ষ্য অনুযায়ী তাকে কাফির ও যিনদীক (মুনাফিক/নাস্তিক সাব্যস্ত করে বাগদাদে হত্যা করা হয় এবং

তার যুগের সকল আলিম তাকে হত্যা করার ওপর ঐকমত্য পোষণ করেছেন, কারণ সে কুফরি ও নাস্তিক কর্মকাণ্ড করেছিল।

তার কিছু কথাবার্তা নিম্নরূপ :

১. প্রথমেই সে নবূওয়াতের দাবি করেছিল, তারপর তার এ অবস্থাটি আরো প্রকট হয়ে গেল যে, সে নিজেকে আল্লাহ্ বলে দাবি করে বসলো। আর সে বলতো : আমিই আল্লাহ্। আর তার স্ত্রী ও সন্তানদেরকে তাকে সিজদা করার নির্দেশ দিত। অতঃপর তার স্ত্রী তাকে বললো : সেকি আল্লাহ্ ব্যতীত অন্য কাউকে সিজদা করবে? তখন সে বলল : আসমানে একজন ইলাহ রয়েছে, আর যমীনের অন্য একজন ইলাহ রয়েছে।

২. সে হুলুল ও ইত্তেহাদের কথা বলতো : অর্থাৎ সে বলতো, আল্লাহ তার মধ্যে প্রবেশ করেছে; ফলে আল্লাহ্ ও সে একই সত্ত্বা হয়ে গেছে। নাউযুবিল্লাহ। সে যা বলত তা থেকে আল্লাহ কতই না উঁচু মর্যাদার অধিকারী। আর এ কারণেই প্রাচ্যবিদগণ তার অনুসারী হয়েছিল; কেননা তারাও হুলুলী বা আল্লাহ মানুষের মধ্যে প্রবিষ্ট হওয়ার আকীদা-বিশ্বাস পোষণ করতো, সে হিসেবে সে হুলুলের ব্যাপারে খৃষ্টানদের আকীদা-বিশ্বাসের অনুগামী ছিল। কারণ, খৃষ্টানরা 'ঈসা আ. সম্পর্কে এ বিষয়ে বিশ্বাস করতো যে, আল্লাহ্ তা'আলা ঈসা আলাইহিস আলাইহি সালামের মধ্যে প্রবেশ করেছেন। এ কারণে হাল্লাজ লাহূত তথা ঐশী সত্তা ও নাসূত তথা মানবিক সত্তার কথা বলেছিল যেমনটি খ্রিস্টানরা বলে থাকে। এ ব্যাপারে তার উল্লেখযোগ্য কবিতা হলো :

سبحان من أظهر ناسوته + سر لاهوته الثاقب

ثم بدأ في خلقه ظاهرا + في صورة الآكل والشارب

"ঐ সত্ত্বা কতই মহান, যিনি তার গোপন প্রদিপ্ত ঐশী সত্তাকে মানবিক সত্তায় প্রকাশ করেছে।

অতঃপর সে তার সৃষ্টিতে প্রকাশিত হলেন, খাদ্যগ্রহণকারী ও পানকারীরূপে।" [নাউযুবিল্লাহ]

যখন ইব্নু খাফীফ নামক সুফীদের মধ্য থেকে একজন সুফী এ কবিতা শুনলেন

তখন বললেন: এ কথার বক্তার প্রতি আল্লাহর অভিশাপ পতিত হোক। অতঃপর তাকে বলা হলো : এটি হাল্লাজের কবিতা। তখন তিনি বললেন, যদি এটি তার বিশ্বাস হয় তাহলে সে কাফির।

৩. সে একবার কোনো একজন পাঠকের মুখে শুনতে পেল যে, সে কুর'আন পাঠ করছে। তখন সে বলল : আমিও অনুরূপ রচনা করতে পারি। (নাউযুবিল্লাহ)
৪. তার উল্লেখযোগ্য কবিতা হলো :

عقد الخلائق في الإله عقائدا + وأنا اعتقدت جميع ما اعتقدوه.

"সৃষ্টিকুল তাদের ইলাহ সম্পর্কে বহু রকমের আকীদা পোষণ করে থাকে, আমি তাদের সকলের আকীদা-ই পোষণ করে থাকি।" [নাউযুবিল্লাহ]

তার এ কথা এবং তার সাথে বনী আদমের মধ্যেকার সকল ভ্রষ্ট-নষ্ট দল ও ফির্কাসমূহের কুফরী আকীদা বিশ্বাসের মত আকীদা পোষণের স্বীকারোক্তি ও তাদের বিশ্বাসের মত বিশ্বাস পোষণ নিঃসন্দেহে এ সবকিছুই কুফরী। তাছাড়া তার এ কথায় রয়েছে স্ববিরোধিতা; যা কোনো বিবেক গ্রহণ করতে পারে না; কীভাবে তাওহীদের বিশ্বাস ও শির্ক এক সাথে থাকতে পারে? [নাউযুবিল্লাহ]

৫. তার এমন কিছু কথা রয়েছে যা ইসলামের রুকনগুলোকে বাতিল করে দেয় ও তার ভিত্তি বিনষ্ট হয়ে যায়। আর তা হলো সালাত, যাকাত, সাওম ও হজ্জ।

[নাউযুবিল্লাহ]
৬. সে বলত: নবী-রাসূলদের আত্মা তার সঙ্গী- সাথী ও ছাত্রদের শরীরে ফিরে এসেছে। আর এ কারণেই তাদের একজনকে সে বলতো: তুমি নূহ, অন্য একজনকে বলতো : তুমি মূসা, অন্যজনকে বলতো : তুমি মুহাম্মাদ।

[নাউযুবিল্লাহ]
৭. যখন তাকে হত্যা করার জন্য নিয়ে যাওয়া হলো তখন সে তার সাথী বা ভক্তদেরকে বলল: তোমরা এতে হতাশ হয়ো না। নিশ্চয়ই আমি তোমাদের নিকট ত্রিশদিন পর আবার ফিরে আসবো। অতঃপর তাকে হত্যা করা হলো। কিন্তু সে আর কখনও ফিরে আসেনি।

আর এ কারণেই তার বিভিন্ন কথাবার্তা ও অন্যান্য কার্যক্রমের কারণে তার যুগের আলিমগণ ঐকমত্যে তাকে কাফির ও নাস্তিক বলে আখ্যায়িত করেছেন। এ কারণেই ৩০৯ হিজরী সনে বাগদাদে তাকে হত্যা করা হয়। তাছাড়া সূফীগণের অধিকাংশই তার নিন্দা করেছেন, তারা তাকে তাদের দলের অন্তর্ভুক্ত করতে অস্বীকার করেছেন। যে সকল সূফী তার নিন্দা করেছেন, তন্মধ্যে অন্যতম হচ্ছেন, জুনাইদা আল-বাগদাদী রহ। আর আবুল কাসিম আল-কুশাইরী তার লিখিত গ্রন্থে অনেক সূফী মাশায়েখদের নাম উল্লেখ করলেও তার নাম উল্লেখ করেন নি।

তাকে হত্যা করার জন্য যিনি প্রচেষ্টা চালিয়েছেন, তার বিরুদ্ধে বিচারের ব্যবস্থা করেছেন এবং তাকে তার উচিত শাস্তিদণ্ড হত্যা করার বিধান দিয়েছেন, তিনি হলেন কাযী আবূ 'উমর মুহাম্মাদ ইবন ইউসুফ আল-মালেকী (রহ.)। উক্ত কাযী সাহেবের প্রশংসার সময় আল্লামা ইবন কাছীর (রহ.) বলেছেন: তিনি যে একটি বড় ও সঠিক সিদ্ধান্ত দিয়েছেন সেটি ছিল, হুসাইন ইবন মানসূর আল-হাল্লাজকে হত্যা করার জন্য দেওয়া রায়। (আল-বিদায়া ওয়ান নিহায়া, খ. ১১, পৃ. ১৭২।) এ প্রসঙ্গে শাইখুল ইসলাম ইব্ন তাইমিয়া (রহ.) বলেন : "যে কারণে হাল্লাজ নিহত হলো; যে কেউ হাল্লাজের সে সব মতবাদের প্রতি বিশ্বাস করবে সে মুসলিমদের ঐকমত্যে কাফির ও মুরতাদ বলে বিবেচিত হবে। কেননা মুসলিমরা তাকে হত্যা করছে তার বিশ্বাসে হুলুল ও ইত্তিহাদ এবং নাস্তিকদের মতবাদ থাকার কারণে। যেমন তার কথা : আমি আল্লাহ্। তার আরো কথা হলো: এক ইলাহ আসমানে, অপর ইলাহ যমীনে। ... প্রকৃতপক্ষে হাল্লাজ ছিল ভেল্কীবাজ, তার ছিল কিছু জাদু; আর তার দিকে সম্পৃক্ত করা কিছু কিতাব আছে যাতে জাদুর সমাহার রয়েছে। মোটকথা: উম্মতের মধ্যে এ কথায় কোনো বিরোধ নেই যে, যে কেউ বলবে যে মানুষের মধ্যে আল্লাহর অনুপ্রবেশ ঘটে, মানুষ ও আল্লাহ একীভূত হয়ে যায়, মানুষও ইলাহ হতে পারে, আর এটি ইলাহদের একজন, এ জাতীয় বিশ্বাস যে কেউ পোষণ করবে, সে কাফির হিসেবে সাব্যস্ত হবে, তার রক্ত প্রবাহ বৈধ হয়ে যাবে। বস্তুত এ কারণেই হাল্লাজকে হত্যা করা হয়েছে।" (মাজমূ' আল-ফাতাওয়া, খ. ২, পৃ. ৪৮০।)

তিনি আরো বলেন : "আমরা জানি না যে, মুসলিম ইমামদের কেউ হাল্লাজকে ভালো বলেছেন। আলেমগণের কেউ তো নয়ই এমনকি সূফী মাশায়েখদের কেউও

নয়। কিন্তু কিছু মানুষ তার ব্যাপারে মত প্রকাশ থেকে বিরত থেকেছে কারণ, তারা তার কার্যক্রম বুঝতে পারে নি। (মাজমূ‘ ফাতাওয়া, খ. ২, পৃ. ৪৮৩।)

এ ব্যাপারে আরো বিস্তারিত জানার জন্য দ্রষ্টব্য :

খতীব আল-বাগদাদী, তারীখু বাগদাদ, খ. ৮, পৃ. ১১২-১৪১;

ইবনুল জাওযী, আল-মুনতাযাম, খ. ১৩, পৃ. ২০১-২০৬;

আয-যাহাবী, সিয়ারু আ‘লামিন নুবালা’, খ. ১৪, পৃ. ৩১৩-৩৫৪;

ইবন কাছীর, আল-বিদায়াহ ওয়ান নিহায়াহ, খ. ১১, পৃ. ১৩২-১৪৪।

বস্তুত আল্লাহই সঠিক পথের দিশা দান করেন।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?৪৯৬

মাসজিদে আকসা উদ্ধার কারীদের প্রতি

কাল পতাকা

Senior Member

০৯-০৬-২০১৫

মাসজিদে আকসা উদ্ধার কারীদের প্রতি

بالأمس القريب

سأل عمر بن الخطاب رضى الله عنه سؤالا لفرسانه ان تمنوا

فتمني البعض كنزا لينفقه

و تمنى أخر ذهبا لينفقه

فقالوا تمنى انت يا أمير المؤمنين

أتمنى ملأ هذا البيت فرسانا كأبى عبيدة

উমর রা: একদিন তার ঘোড়সওয়ারদেরকে বললেন: তোমরা আকাংক্ষা কর?
কিছু লোক খরচ করার জন্য সম্পদ দিতে বললেন অন্যরা স্বর্ণ।
তখন তারা বললেন : হে আমিরুল মু'মিনিন! আপনি আকংক্ষা করুন।
উমর রা বললেন : আমি সর্বদা এই ঘর (মাসজিদে আকসা) পরিপূর্ণ দেখতে চাই
আবী উবাইদার মত ঘোড়সওয়ারদের দ্বারা।

عذرا ياقدسنا الأسير

فليس معنا و لا بيننا ما تمناه الامير

و ليس فى السحات من يغار و يعلن النفير

و لا حتى من يدعي صلاحا الى الاقصي يسير

عفوا

لا تظن ان ما قلته ادعاءا و تبريرا

এই জীবনীর মধ্যে একজন পূর্ণ মুসলিম মুজাহিদের মানহাজ ফুটে উঠেছে।
আবু উবাইদা ইবনুল জাররাহ (রাঃ)

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. বলেছেনঃ 'লিকুল্লি উম্মাতিন আমীনুন, ওয়া আমীনু হাজিহিলউম্মাহ আবু উবাইদা- প্রত্যেক জাতিরই একজন বিশ্বস্ত ব্যক্তি আছে। আর এ মুসলিমজাতির পরম বিশ্বাসী ব্যক্তি আবু উবাইদা।' তিনি ছিলেন উজ্জ্বলমুখমণ্ডল, গৌরকান্তি, হালকা পাতলা গড়ন ও দীর্ঘদেহের অধিকারী। তাঁকে দেখলে যে কোন ব্যক্তির চোখ জুড়িয়ে যেত, সাক্ষাতে অন্তরে ভক্তি ও ভালোবাসার উদয় হত এবং হৃদয়ে একটা নির্ভরতার ভাব সৃষ্টি হত। তিনি ছিলেন তীক্ষ্ণ মেধাবী, অত্যন্ত বিনয়ী ও লাজুক প্রকৃতির। তবে যে কোন সংকট মুহূর্তে সিংহের ন্যায় চারিত্রিক দৃঢ়তা তাঁর মধ্যে ফুটে উঠত। তাঁর চারিত্রিক দীপ্তি ও তীক্ষ্ণতা ছিল তরবারীর ধারের ন্যায়। রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. ভাষায় তিনি ছিলেন উম্মাতে মুহাম্মাদীর 'আমীন'- বিশ্বাসযোগ্য ব্যক্তি।তাঁর পুরো নাম আমীল ইবন আবদুল্লাহ ইবনুল জাররাহ আল –ফিহরী আল কুরাইশী। তবে কেবল আবু উবাইদা নামে তিনি সবার কাছে পরিচিত। তাঁর পঞ্চম উর্ধ পুরুষ 'ফিহরের' মাধ্যমে রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম.) নসবের সাথে তাঁর নসব মিলিত হয়েছে। তাঁর মাও ফিহরী খান্দানের কন্যা। সীরাত বিশেষজ্ঞদের মতে তিনি ইসলাম গ্রহণ করেছিলেন। হযরত আবদুল্লাহ ইবন উমারের রা. মন্তব্য হলঃ 'কুরাইশদের তিন ব্যক্তি অন্য সকলের থেকে সুন্দর চেহারা, উত্তম চরিত্র ও স্থায়ী লজ্জাশীলতার জন্য সর্বশ্রেষ্ঠ। তাঁর তোমাকে কোন কথা বললে মিথ্যা বলবেন না, আর তুমি তাদেরকে কিছু বললে তোমাকে মিথ্যুক মনে করবেন না। তাঁরা হলেন- আবু বকর সিদ্দিক, উসমান ইবন আফফান ও আবু উবাইদা ইবনুল জাররাহ।'

ইসলাম প্রচারের প্রথম ভাগেই যাঁরা মুসলমান হয়েছিলেন আবু উবাইদা ছিলেন তাঁদের অন্যতম। হযরত আবু বকরের মুসলমান হওয়ার পরের দিনই তিনি ইসলাম গ্রহণ করেন। আবু বকরের হাতেই তিনি তাঁর ইসলামের ঘোষণা দেন। তারপর তিনি আবদুর রহমান ইবন আউফ, উসমান ইবন মাজউন, আল-আরকাম ইবন

আবিল আরকাম ও তাঁকে সংগে করে রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. দরবারে হাজির হন। সেখানে যারা সকলেই একযোগে ইসলামের ঘোষণা দেন। এভাবে তাঁরাই হলেন মহান ইসলামী ইমারতের প্রথম ভিত্তি। মক্কায় মুসলিমদের তিক্ত অভিজ্ঞতার প্রথম থেকে শেষ পর্যন্ত আবু উবাইদা শরীক চিলেন। প্রতিটি ক্ষেত্রে তিনি অটল থেকে আল্লাহ ও রাসূলের প্রতি বিশ্বাসের চূড়ান্ত পরীক্ষায় কামিয়াব হন। কুরাইশদের অত্যাচারে অতিষ্ট হয়ে দু'বার হাবশায় হিজরাত করেন। অতঃপর রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) হিজরাতের পর তিনিও মদীনায় হিজরাত করেন। মদীনায় সা'দ বিন মুয়াজের সাথে তাঁর 'দ্বীনী মুয়াখাত' বা দ্বীনী ভ্রাতৃত্ব প্রতিষ্ঠিত হয়। কিন্তু বদর যুদ্ধের দিন আবু উবাইদার পরীক্ষার কঠোরতা ছিল সকল ধ্যান-ধারণা ও কল্পনার উর্ধে। যুদ্ধের ময়দানে এমন বেপরোয়াভাবে কাফিরদের ওপর আক্রমণ চালাতে থাকেন যেন তিনি মৃত্যুর প্রতি সম্পূর্ণ উদাসীন। মুশরিকরা তাঁর আক্রমণে ভীত-সন্ত্রস্ত হয়ে পড়ে এবং তাদের অশ্বারোহী সৈনিকরা প্রাণের ভয়ে দিশেহারা হয়ে দিকবিদিক পালাতে থাকে। কিন্তু শত্রুপক্ষের এক ব্যক্তি বার বার ঘুরে ফিরে তাঁর সামনে এসে দাঁড়াতে লাগল। আর তিনিও তার সামনে থেকে সরে যেতে লাগলেন যেন তিনি সাক্ষাত এড়িয়ে যাচ্ছেন। লোকটি ভীড়ের মধ্যে প্রবেশ করল। আবু উবাইদা সেখানেও তাকে এড়িয়ে চলতে লাগলেন। অবশেষে সে শত্রুপক্ষ ও আবু উবাইদার মাঝখানে এসে প্রতিবন্ধক হয়ে দাঁড়াল। যখন তাঁর ধৈর্যের বাঁধ ভেঙ্গে গেল, তিনি তাঁর তরবারির এক আঘাতে লোকটির মাথা দেহ থেকে বিচ্ছন্ন করে ফেলেন। লোকটি মাটিতে গড়িয়ে পড়ল। লোকটি কে? সে আর কেউ নয়। সে আবু উবাইদার পিতা আবদুল্লাহ ইবনুল জাররাহ। প্রকৃতপক্ষে আবু উবাইদা তাঁর পিতাকে হত্যা করেননি, তিনি তাঁর পিতার আকৃতিতে শিরক বা পৌত্তলিকতা হত্যা করেছেন। এ ঘটনার পর আল্লাহ তা'আলা আবু উবাইদা ও তাঁর পিতার শানে নিম্নের এ আয়াতটি নাযিল করেন।

'তোমরা কখনো এমনটি দেখতে পাবে না যে, আল্লাহ ও পরকালের প্রতি ঈমানদার লোকেরা কখনো তাদের প্রতি ভালোবাসা পোষণ করে যারা আল্লাহ এবং তাঁর রাসূলের (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম.) বিরুদ্ধাচরণ করেছে- তারা তাদের পিতা-ই হোক কিংবা তাদের পুত্র-ই হোক বা ভাই হোক অথবা তাদের বংশ-পরিবারের লোক। তারা সেই লোক যাদের দিলে আল্লাহ তা'আলা ঈমান

দৃঢ়মূল করে দিয়েছেন এবং নিজের তরফ হতে একটা রূহ দান করে তাদেরকে এমন সব জান্নাতে দাখিল করবেন যার নিম্নদেশে ঝর্ণাধারা প্রবহমান হবে। তাতে তারা চিরদিন থাকবে। আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট হয়েছেন এবং তারাও সন্তুষ্ট হয়েছেন তাঁর প্রতি। এরা আল্লাহর দলের লোক। জেনে রাখ, আল্লাহর দলের লোকেরাই কল্যাণপ্রাপ্ত হবে।' (আল মুজাদিলা- ২২)

আবু উবাইদার এরূপ আচরণে বিস্মিত হবার কিছু নেই। কারণ, আল্লাহর প্রতি তাঁর দৃঢ় ঈমান, দ্বীনের প্রতি নিষ্ঠা, এবং উম্মাতে মুহাম্মাদীর প্রতি তাঁর আমানতদারী তাঁর মধ্যে এমন চূড়ান্ত রূপলাভ করেছিল যে, তা দেখে অনেক মহান ব্যক্তিও ঈর্ষা পোষণ করতেন। মুহাম্মাদ ইবন জাফর বলেনঃ 'খৃস্টানদের একটা প্রতিনিধি দল রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম). দরবারে হাজির হয়ে বললো- হে আবুল কাসিম! আপনার সাথীদের মাঝ থেকে আপনার মনোনীত কোন একজনকে আমাদের সাথে পাঠান। তিনি আমাদের কিছু বিতর্কিত সম্পদের ফায়সালা করে দেবেন। আপনাদের মুসলিম সমাজ আমাদের সবার কাছে মনোপূত ও গ্রহণযোগ্য। একথা শুনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. বললেনঃ 'সন্ধ্যায় তোমরা আমার কাছে আবার এসো। আমি তোমাদের সাথে একজন দৃঢ়চেতা ও বিশ্বস্ত ব্যক্তিকে পাঠাব।' হযরত উমার ইবনুল খাত্তাব বলেনঃ 'আমি সেদিন সকাল সকাল জোহরের নামায আদায়ের জন্য মসজিদে উপস্থিত হলাম। আর আমি এ দিনের মত আর কোন দিন নেতৃত্বের জন্য লালায়িত হইনি। এর একমাত্র কারণ, আমিই যেন হতে পারি রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম). এ প্রশংসার পাত্রটি।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. আমাদের সাথে জোহরের নামায শেষ করে ডানে বায়ে তাকাতে লাগলেন। আর আমিও তাঁর নজরে জন্য আমার গর্দানটি একটু উঁচু করতে লাগলাম। কিন্তু তিনি তাঁর চোখ ঘোরাতে ঘোরাতে এক সময় আবু উবাইদা ইবনুল জাররাহকে দেখতে পেলেন। তাঁকে ডেকে তিনি বললেনঃ 'তুমি তাদের সাথে যাও এবং সত্য ও ন্যায়ের ভিত্তিতে তাদের বিতর্কিত বিষয়টির ফায়সালা করে দাও।' আমি তখন মনে মনে বললামঃ আবু উবাইদা এ মর্যাদাটি ছিনিয়ে নিয়ে গেল।

আবু উবাইদা কেবল একজন আমানতদারই ছিলেন না, আমানতদারীর জন্য সর্বদা সকল শক্তি পুঞ্জিভূত করতেন। এর বহিঃপ্রকাশ ঘটেছিল বিভিন্ন ক্ষেত্রে।

বদর যুদ্ধের প্রাক্*কালে কুরাইশ কাফিলার গতিবিধি অনুসরণের জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. একদল সাহাবীকে পাঠান। তাঁদের আমীর নিযুক্ত করেন আবু উবাইদাকে। পাথেয় হিসাবে তাঁদেরকে কিছু খোরমা দেওয়া হয়। প্রতিদিন আবু উবাইদা তাঁর প্রত্যেক সংগীকে মাত্র একটি খোরমা দিতেন। তাঁরা শিশুদের মায়ের স্তন চোষার ন্যায় সারাদিন সেই খোরমাটি চুষে চুষে এবং পানি পান করে কাটিয়ে দিত। এভাবে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত মাত্র একটি খোরমা দিতেন। তাঁরা শিশুদের মায়ের স্তন চোষার ন্যায় সারাদিন সেই খোরমাটি চুষে চুষে এবং পানি পান করে কাটিয়ে দিত। এভাবে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত মাত্র একটি খোরমাই তাঁদের জন্য যথেষ্ট ছিল। কোন কোন বর্ণনায় ঘটনাটি এভাবে বর্ণিত হয়েছেঃ অষ্টম হিজরীতে রজব মাসে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. আবু উবাইদার নেতৃত্বে উপকূলীয় এলাকায় কুরাইশদের গতিবিধি লক্ষ্য করার জন্য একটি বাহিনী পাঠান। কিছু খেজুর ছাড়া তাঁদের সাথে আর কোন পাথেয় ছিল না। সৈনিকদের প্রত্যেকের জন্য দৈনিক বরাদ্দ ছিল মাত্র একটি খেজুর। এই একটি খেজুর খেয়েই তাঁর বেশ কিছুদিন অতিবাহিত করেন। অবশেষে আল্লাহতায়ালা তাঁদের এ বিপদ দূর করেন। সাগর তীরে তাঁরা বিশাল আকৃতির এক মাছ লাভ করেন এবং তার ওপর নির্ভর করেই তাঁরা মদীনায় প্রত্যাবর্তন করেন। হয়তো এ দুটি পৃথক পৃথক ঘটনা ছিল।

উহুদের যুদ্ধে মুসলমানরা যখন পরাজয় বরণ করে এবং মুশরিকরা জোরে জোরে চিৎকার করে বলতে থাকে, 'মুহাম্মাদ কোথায়, মুহাম্মাদ কোথায়....'। তখন আবু উবাইদা ছিলেন সেই দশ ব্যক্তির অন্যতম যারা বুক পেতে রাসূলকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম.) মুশরিকদের তীর থেকে রক্ষা করেছিলেন। যুদ্ধ শেষে দেখা গেল রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম.) দাঁত শহীদ হয়েছে, তাঁর কপাল রক্তে রঞ্জিত হয়ে গেছে এবং গণ্ডদেশে বর্মের দুটি বেড়ী বিঁধে গেছে। হযরত আবু বকর সিদ্দিক বেড়ী দু'টিকে উঠিয়ে ফেলার জন্য তড়িঘড়ি এগিয়ে এলেন। আবু উবাইদা তাঁকে বললেন, 'কসম আল্লাহর! আপনি আমাকে ছেড়ে দিন।' তিনি ছেড়ে দিলেন। আবু উবাইদা ভয় করলেন হাত দিয়ে বেড়ী দু'টি তুললে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. হয়ত কষ্ট পাবেন। তিনি শক্তভাবে দাঁত দিয়ে কামড়ে ধরে প্রথমে একটি তুলে ফেললেন। কিন্তু তাঁরও অন্য একটি দাঁত ভেঙ্গে গেল। তখন আবু বকর রা. মন্তব্য করলেনঃ 'আবু উবাইদা সর্বোত্তম ব্যক্তি।' খন্দক

ও বনী কুরাইজা অভিযানেও তিনি অংশগ্রহণ করেন। হুদাইবিয়ার ঐতিহাসিক চুক্তিতে তিনি একজন সাক্ষী হিসেবে সাক্ষর করেন। খাইবার অভিযানে সাহস ও বীরত্বের পরাকাষ্ঠা প্রদর্শন করেন। 'জাতুস সালাসিল' অভিযানে হযরত আমর ইবনুল আসের বাহিনীর সাহায্যের জন্য দু'শ' সিপাহীসহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. আবু উবাইদাকে পিছনে পাঠান। তাঁরা জয়লাভ করেন। মক্কা বিজয়, তায়িফ অভিযানসহ সর্বক্ষেত্রে আবু উবাইদা শরীক ছিলেন। বিদায় হজ্জেও তিনি রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম.) সফরসংগী ছিলেন। ইসলাম গ্রহণের পর রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম.) জীবনের শেষ দিন পর্যন্ত আবু উবাইদা সর্বক্ষেত্রে ছায়ার ন্যায় সর্বদা তাঁকে অনুসরণ করেন। সাকীফায়ে বনী সায়েদাতে খলীফা নির্বাচনের ব্যাপারে তুমুল বাক-বিতণ্ডা চলছে। আবু উবাইদা আনসারদের লক্ষ্য করে এক গুরুত্বপূর্ণ ভাষণ দিলেন। তাদের সতর্ক করে দিয়ে বললেনঃ 'ওহে আনসারদের সম্প্রদায়! তোমরাই প্রথম সাহায্যকারী। আজ তোমরাই প্রথম বিভেদ সৃষ্টিকারী হয়োনা।' এক পর্যায়ে হযরত আবু বকর আবু উবাইদাকে বলেন, আপনি হাত বাড়িয়ে দিন, আমি আপনার হাতে বাইয়াত করি। আমি রাসূলকে সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. বলতে শুনেছিঃ 'প্রত্যেক জাতিরই একজন বিশ্বস্ত ব্যক্তি আছে, তুমি এ জাতির সেই বিশ্বস্ত ব্যক্তি।' এর জবাবে আবু উবাইদা বললেনঃ 'আমি এমন ব্যক্তির সামনে হাত বাড়াতে পারিনা যাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. আমাদের নামাযের ইমামতির আদেশ করেছেন এবং যিনি তাঁর মৃত্যু পর্যন্ত ইমামতি করেছেন।' একথার পর আবু বকরের হাতে বাইয়াত করা হল। আবু বকরের খলীফা হবার পর সত্য, ন্যায় ও কল্যাণের ক্ষেত্রে তিনি তাঁর সর্বোত্তম উপদেষ্টা ও সাহায্যকারীর ভূমিকা পালন করেন ।আবু বকরের পর হযরত উমার খিলাফতের দায়িত্বভার গ্রহণ করেন। আবু উবাইদা তাঁরও আনুগত্য মেনে নেন।

হযরত আবু বকর রা. খিলাফতের দায়িত্ব গ্রহণের পর হিজরী ১৩ সনে সিরিয়ায় অভিযান পরিচালনার সিদ্ধান্ত নিলেন। আবু উবাইদাকে হিমস, ইয়াযিদ বিন আবু সুফিয়ানকে দিমাশ্*ক, শুরাহবীলকে জর্দান এবং 'আমর ইবনুল আসকে ফিলিস্তীনে যাত্রার নির্দেশ দিলেন। সম্মিলিত বাহিনীর সর্বাধিনায়ক নিয়োগ করলেন আবু উবাইদাকে। দিমাশ্*ক, হিমস, লাজেকিয়া প্রভৃতি শহর বিজিত হয় আবু উবাইদার হাতে। ইয়ারমুকের সেই ভয়াবহ যুদ্ধ তিনিই পরিচালনা করেন। 'আমর

ইবনুল 'আসের আহ্*বানে সাড়া দিয়ে বায়তুল মাকদাস বিজয়ে শরীক হন। বায়তুল মাকদাসবাসীরা খোদ খলীফা 'উমারের সাথে সন্ধির ইচ্ছা প্রকাশ করলে আবু উবাইদাই সে কথা জানিয়ে খলীফাকে পত্র লেখেন। সন্ধিপত্রে স্বাক্ষর করার জন্য খলীফা 'জাবিয়া' পৌঁছলে আবু উবাইদাহ তাঁকে অভ্যর্থনা জানান। হিজরী ১৭ সনে হযরত খালিদ সাইফুল্লাহকে দিমাশ্*কের আমীর ও ওয়ালীর পদ থেকে অপসারণ করে খলীফা উমার আবু উবাইদাকে তাঁর স্থলে নিয়োগ করেন। হযরত খালিদ সাইফুল্লাহ লোকদের বলেন, 'তোমাদের খুশী হওয়া উচিত যে, আমীনুল উম্মাত তোমাদের ওয়ালী।'

আবু উবাইদার নেতৃত্বে মুসলিম বাহিনী সিরিয়ায় একের পর এক বিজয় লাভ করে সিরিয়ার সমগ্র ভূখণ্ড দখল করে চলেছে। এ সময় সিরিয়ায় মহামারী আকারে প্লেগ দেখা দেয় এবং প্রতিদিন হাজার হাজার মানুষ তার শিকারে পরিণত হয়। খলীফা হযরত উমার রা. নিজেই খোঁজ-খবর নেওয়ার জন্য রাজধানী মদীনা থেকে 'সারগ' নামক স্থানে পৌঁছুলেন। অন্য নেতৃবৃন্দের সাথে আবু উবাইদা সেখানে খলীফাকে অভ্যর্থনা জানালেন। প্রবীণ মুহাজির ও আনসারদের সাথে বিষয়টি নিয়ে পরামর্শ করলেন। সবাই একবাক্যে সেনাবাহিনীর সদস্যদের স্থান ত্যাগের পক্ষে মত দিলেন। হযরত উমার সবাইকে আহ্*বান জানালেন তাঁর সাথে আগামী কাল মদীনায় ফিরে যাওয়ার জন্য। তাকদীরের প্রতি গভীর বিশ্বাসী আবু উবাইদা বেঁকে বসলেন। খলীফাকে তিনি জিজ্ঞেস করলেনঃ 'আ ফিরারুম মিন কাদলিল্লাহ- একি আল্লাহর তাকদীর থেকে পলায়ন নয়?' খলীফা দুঃখ প্রকাশ করে বললেনঃ 'আফসুস! আপনি ছাড়া কথাটি অন্য কেউ যদি বলতো! হাঁ, আল্লাহর তাকদীর থেকে পালাচ্ছি। তবে অন্য এক তাকদীরের দিকে। আবু উবাইদা তাঁর বাহিনীসহ সেখানে থেকে গেলেন। খলীফাতুল মুসলিমীন হযরত উমার মদীনা পৌঁছে দূত মারফত আবু উবাইদাকে একখানা পত্র পাঠান। পত্রে তিনি লিখেনঃ ''আপনাকে আমার খুবই প্রয়োজন। অত্যন্ত জরুরীভাবে আপনাকে আমি তলব করছি। আমার এ পত্রখানি যদি রাতের বেলা আপনার কাছে পৌঁছে তাহলে সকাল হওয়ার পূর্বেই রওয়ানা দেবেন। আর যদি দিনের বেলা পৌঁছে তাহলে সন্ধ্যার পূর্বেই রওয়ানা দেবেন।'' খলীফা উমারের এ পত্রখানি হাতে পেয়ে তিনি মন্তব্য করেনঃ 'আমার কাছে আমীরুল মুমিনীনের প্রয়োজনটা কি তা আমি বুঝেছি। যে বেঁচে নেই তাকে তিনি বাঁচাতে চান। তারপর তিনি লিখলেনঃ ''আমীরুল মু'মিনীন, আমি আপনার

প্রয়োজনটা বুঝেছি। আমি তো মুসলিম মুজাহিদদের মাঝে অবস্থান করছি। তাদের ওপর যে *মুসিবাত আপতিত হয়েছে তা থেকে আমি নিজেকে বাঁচানোর প্রত্যাশী নই। আমি তাদেরকে ছেড়ে যেতে চাইনা, যতক্ষণ না আল্লাহ আমার ও তাদের মাঝে চূড়ান্ত ফায়সালা করে দেন। আমার এ পত্রখানি আপনার হাতে পৌঁছার পর আপনি আপনার সিদ্ধান্ত প্রত্যাহার করুন এবং আমাকে এখানে অবস্থানের অনুমতি দান করুন।''

হযরত উমার এ পত্রখানি পাঠ করে এত ব্যাকুলভাবে কেঁদেছিলেন যে, তাঁর দু'চোখ থেকে ঝর ঝর করে অশ্রু গড়িয়ে পড়েছিল। তাঁর এ কান্না দেখে তার আশেপাশের লোকেরা তাঁকে জিজ্ঞেস করেছিলঃ 'আমীরুল মু'মিনীন, আবু উবাইদা কি ইনতিকাল করেছেন?' তিনি বলেছিলেনঃ 'না। তবে তিনি মৃত্যুর দ্বারপ্রান্তে।'

হযরত উমারের ধারণা মিথ্যা হয়নি। অল্প কিছুদিনের মধ্যেই তিনি প্লেগে আক্রান্ত হন। মৃত্যুর পূর্ব মুহূর্তে তিনি তাঁর সেনাবাহিনীকে লক্ষ্য করে উপদেশমূলক একটি সংক্ষিপ্ত বক্তৃতা দেন। তিনি বলেনঃ ''তোমাদেরকে যে উপদেশটি আমি দিচ্ছি তোমরা যদি তা মেনে চলো তাহলে সবসময় কল্যাণের পথেই থাকবে। তোমরা নামায কায়েম করবে, রমাদান মাসে রোযা রাখবে, যাকাত দান করবে, হজ্জ ও উমরা আদায় করবে, একে অপরকে উপদেশ দেবে, তোমাদের শাসক ও নেতৃবৃন্দকে সত্য ও ন্যায়ের কথা বলবে, তাদের কাছে কিছু গোপন রাখবে না এবং দুনিয়ার সুখ সম্পদে গা ভাসিয়ে দেবে না। কোন ব্যক্তি যদি হাজার বছরও জীবন লাভ করে, আজ আমার পরিণতি তোমরা দেখতে পাচ্ছ তারও এই একই পরিণতি হবে।'' সকলকে সালাম জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। অতঃপর মুয়াজ ইবন জাবালের দিকে তাকিয়ে বলেনঃ 'মুয়াজ! *তুমি নামাযের ইমামতি কর।' এর পরপরই তাঁর রূহটি পবিত্র দেহ থেকে বিচ্ছিন্ন হয়ে পরম সত্তার দিকে ধাবিত হয়। মুয়াজ উঠে দাঁড়িয়ে সমবেত সকলকে লক্ষ্য করে বলেনঃ লোক সকল! তোমরা এ ব্যক্তির তিরোধানে ব্যথা ভারাক্রান্ত। আল্লাহর কসম! আমি এ ব্যক্তির থেকে অধিক কল্যাণদৃপ্ত বক্ষ, পরিচ্ছন্ন হৃদয়, পরকালের প্রেমিক এবং জনগণের উপদেশ দানকারী আর কোন ব্যক্তিকে জানিনা। তোমরা তাঁর প্রতি রহম কর, আল্লাহও তোমাদের প্রতি রহম করবেন। এটা হিজরী ১৮ সনের ঘটনা। এরপর লোকেরা সমবেত হয়ে আবু উবাইদার মরদেহ বের করে আনলো। মুয়াজ

বিন জাবালের ইমামতিতে তাঁর জানাযা অনুষ্ঠিত হল। মুয়াজ বিন জাবাল, আমর ইবনুল আস ও দাহ্*হাক বিন কায়েস কবরের মধ্যে নেমে তাঁর লাশ মাটিতে শায়িত করেন। কবরে মাটিচাপা দেওয়ার পর মুয়াজ এক সংক্ষিপ্ত ভাষণে তাঁর প্রশংসার করে বলেনঃ ''আবু উবাইদা, আল্লাহ আপনার ওপর রহম করুন! আল্লাহর কসম! আমি আপনার সম্পর্কে যতটুকু জানি কেবল ততটুকুই বলবো, অসত্য কোন কিছু বলবো না। কারণ, আমি আল্লাহর শাস্তির ভয় করি। আমার জানা মতে আপনি ছিলেন আল্লাহকে অত্যধিক স্মরণকারী, বিনম্রভাবে যমীনের ওপর বিচর*ণকারী ব্যক্তিদের একজন। আর আপনি ছিলেন সেইসব ব্যক্তিদের অন্যতম যারা তাদের 'রবের' উদ্দেশ্যে সিজদারত ও দাঁড়ানোর অবস্থায় রাত্রি অতিবাহিত করে এবং যারা খরচের সময় অপচয়ও করে না, কার্পণ্যও করে না, বরং মধ্যবর্তী পন্থা অবলম্বন করে থাকে। আল্লাহর কসম; আমার জানা মতে আপনি ছিলেন বিনয়ী এবং ইয়াতিম-মিসকীনদের প্রতি সদয়। আপনি ছিলেন অত্যাচারী অহংকারীদের শত্রুদেরই একজন।'

খাওফে খোদা, ইত্তেবায়ে সুন্নাত, তাকওয়া, বিনয়, সাম্যের মনোভাব, স্নেহ ও দয়া ছিল তাঁর চরিত্রের বিশেষ বৈশিষ্ট্য। একদিন একটি লোক আবু উবাইদার বাড়ীতে গিয়ে দেখতে পেল, তিনি হাউমাউ করে কাঁদছেন। লোকটি জিজ্ঞেস করলোঃ ব্যাপার কি আবু উবাইদা, এত কান্নাকাটি কেন? তিনি বলতে লাগলেনঃ ''একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. মুসলমানদের ভবিষ্যত বিজয় ও ধন-ঐশ্বর্যের আলোচনা প্রসঙ্গে সিরিয়ার প্রসঙ্গ উঠালেন। বললেনঃ 'আবু উবাইদা তখন যদি তুমি বেঁচে থাক, তাহলে তিনটি খাদেমই তোমার জন্য যথেষ্ট হবে। একটি তোমার নিজের, একটি পরিবার-পরিজনের এবং অন্যটি তোমার সফরে সংগী হওয়ার জন্য। অনুরূপভাবে তিনটি বাহনও যথেষ্ট মনে করবে। একটি তোমার, একটি তোমার খাদেমের এবং একটি তোমার জিনিসপত্র পরিবহনের জন্য।' কিন্তু এখন দেখছি, আমার বাড়ী খাদেমে এবং আস্তাবল ঘোড়ায় ভরে গেছে। হায়, আমি কিভাবে রাসূলুল্লাহকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম). মুখ দেখাবো? রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. বলেছিলেনঃ সেই ব্যক্তিই আমার সর্বাধিক প্রিয় হবে, যে ঠিক সেই অবস্থায় আমার সাথে মিলিত হবে যে অবস্থায় আমি তাকে ছেড়ে যাচ্ছি।''

খলীফা হযরত উমার সিরিয়া সফরের সময় দেখতে পেলেন, অফিসারদের গায়ে

জাঁকজমকপূর্ণ পোশাক-পরিচ্ছদ। তিনি এতই ক্ষেপে গেলেন যে, ঘোড়া থেকে নেমে পড়লেন এবং তাদের দিকে পাথরের টুকরো নিক্ষেপ করতে করতে বললেনঃ তোমরা এত তাড়াতাড়ি অনারব অভ্যাসে অভ্যস্ত হয়ে পড়েছো কিন্তু আবু উবাইদা একজন সাদামাটা আরব হিসেবে খলীফার সাথে সাক্ষাৎ করলেন। গায়ে অতি সাধারণ আরবীয় পোশাক, উটের লাগামটিও একটি সাধারণ রশি। খলীফা উমার রা. তাঁর বাসস্থানে গিয়ে দেখতে পেলেন, সেখানে আরো বেশী সরল- সাদাসিধে জীবনধারার চিহ্ন। অর্থাৎ একটি তলোয়ার একটি ঢাল ও উটের একটি হাওদা ছাড়া তাঁর বাড়ীতে আর কিছু নেই। খলীফা বললেনঃ আবু উবাইদা, আপনি তো আপনার প্রয়োজনীয় জিনিস পত্রের ব্যবস্থা করে নিতে পারতেন।' জবাবে আবু উবাইদা বললেনঃ আমীরুল মুমিনীন, আমাদের জন্য এতটুকুই যথেষ্ট। একবার হযরত উমার রা. উপঢৌকন হিসেবে চারশ' দীনার ও চার হাজার দিরহাম আবু উবাইদার নিকট পাঠালেন। তিনি সব অর্থই সৈনিকদের মধ্যে বণ্টন করে দিলেন। নিজের জন্য একটি পয়সাও রাখলেন না। হযরত 'উমার একথা শুনে মন্তব্য করেনঃ 'আলহামদুলিল্লাহ! ইসলামে এমন লোকও আছে।' তিনি এতই বিনয়ী ছিলেন যে, সিপাহসালার হওয়া সত্ত্বেও সাধারণ সৈনিকদের থেকে তাঁকে পৃথক করা যেত না। অপরিচিত কেউ তাকে সিপাহসালার বলে চিনতে পারতো না। একবার তো এক রোমান দূত এসে জিজ্ঞেস করেই বসে, 'আপনাদের সেনাপতি কে'? সৈনিকরা যখন আঙ্গুল উঁচিয়ে তাঁকে দেখিয়ে দিল, তখন তো সে সেনাপতির অতি সাধারণ পোশাক ও অবস্থান দেখে হতভম্ব হয়ে গেল।

উৎস: আসহাবে রাসূলের জীবনকথা

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?৬২৮

'হাশরের ময়দানে দেখা হবে'

Umar Faruq

Senior Member

০৯-১৭-২০১৫

'হাশরের ময়দানে দেখা হবে' বলে বাসর রাতে স্ত্রী থেকে বিদায় নেবার গল্প।

সাহাবাদের (রা) কাহিনী পড়ে অঝোরে কাঁদতে থাকি... কী ছিল তাদের ভালোবাসা আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আর ইসলামের জন্যে! আর কোথায় আমরা? নিজের শরীরটাকে দুঃখে ছিন্নভিন্ন করে ফেলতে ইচ্ছা করে! ইয়া আল্লাহ, আমাদেরকে তাদের মত করে আত্মত্যাগ করার তওফিক দাও, আমীন!

সা'দ আল আসওয়াদ আস-সুলুমী (রা)-এর কথা কি আপনারা জানেন?

নামটাও হয়তো অনেকে শুনে নি কোনদিন। তাঁর সমাজে হাই-স্ট্যাটাস ছিল না, তিনি ছিলেন গরীব, গায়ের রঙ কালো। কেউ তাঁর কাছে নিজের মেয়েও বিয়ে দিতে চাইতো না।

সা'দ (রা) একদিন আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর কাছে দুঃখ করে বলেছিলেন, "ইয়া রাসূলুল্লাহ! আমিও কি জান্নাতে যাবো?"

"আমি তো নীচু মাপের ঈমানদার হিসেবে বিবেচিত হই" "কেউ আমাকে নিজের মেয়ে দিতে রাজি হয় না"

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সাহাবীদের দুঃখ বুঝতেন নিজের আপন ভাইয়ের মত করে, নিজের সন্তানের মত করে। তিনি তাদেরকে অনুভব করতেন অন্তরের অন্তঃস্থল থেকে। তিনি এই সা'দকে পাঠিয়েছিলেন ইবন আল-ওয়াহহাবের কাছে। সাধারণ কোন ব্যক্তি ছিলেন না ইবন ওয়াহহাব। তিনি হলেন মদীনার নেতাদের একজন; কিছুদিন যাবৎ মুসলিম হয়েছেন। তাঁর মেয়ে অপরূপা

সুন্দরী রমণী, রূপের জন্য বিখ্যাত। সেই ইবন ওয়াহহাবের মেয়েকে বিয়ে করার জন্য রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সা'দকে পাঠালেন।

নেতার মেয়ে বিয়ে করবে সা 'দের মতো একজনকে? যে তার সৌন্দর্য্যের জন্য এতো প্রসিদ্ধ, সে হবে সা'দের বউ?? স্বাভাবিকভাবেই ইবন ওয়াহহাবের প্রতিক্রিয়া ছিল "আকাশ-কুসুম কল্পনা ছেড়ে বাড়ি যাও"... কিন্তু তাঁর মেয়ে ততক্ষণে শুনে ফেলেছে। সে বলে উঠলো, "বাবা! আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) অনুরোধ করেছে তাকে বিয়ে করার জন্যে, তুমি কিভাবে উনাকে ফিরিয়ে দিতে পারো?

রাসূলের উৎকণ্ঠা থেকে আমরা মুখ ফিরিয়ে নিলে আমাদের অবস্থানটা কি হবে?" এরপর সা'দের দিকে ফিরে বললো, "রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে যেয়ে বলে দিন, আমি আপনাকে বিবাহ করার জন্য প্রস্তুত"

সা'দের মন সেদিন আনন্দে পুলকিত... সে যেন খুশিতে টগবগ করে ফুটছে...

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ৪০০ দিনার মোহরানায় তাদেরকে বিয়ে দিয়ে দিলেন। আলহামদুলিল্লাহ! সুবহান আল্লাহ!

সা'দ বললেন, হে রাসূল, আমি তো জীবনে কোনদিন চারশ দিনার দেখিই নি! আমি এই টাকা কীভাবে শোধ করবো? নবীজি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে বললেন, আলী আল-নু'মান ইবন আউফ আর উসমান (রা) এর কাছ থেকে দুইশ দুইশ করে মোট চারশ দিনার নিয়ে নিতে। দুজনেই উনাকে দুইশর-ও বেশি করে দিনার দিলেন। আলহামদুলিল্লাহ! টাকার জোগাড় ও হয়ে গেলো। এখন নতুন বউ এর কাছে যাবেন সা'দ (রা)...

মার্কেটে যেয়ে সুন্দরী বউ এর জন্যে টুকিটাকি কিছু উপহার কেনার কথা চিন্তা করলেন তিনি। মার্কেটে পৌঁছে গেছেন, হঠাৎ তাঁর কানে আসলো জিহাদের ডাক। "যুদ্ধের জন্য প্রস্তুত হয়ে যাও" ... সা'দ যেখানে ছিলেন সেখানেই দাঁড়িয়ে গেলেন। আকাশের দিকে তাকালেন একবার, বললেন- "হে আল্লাহ! আমি এই টাকা দিয়ে এমনকিছু কিনবো যা তোমাকে খুশি করবে।" নতুন বউ এর জন্য গিফট কেনার বদলে তিনি কিনলেন একটি তরবারি আর একটি ঘোড়া। এরপর ঘোড়া ছুটিয়ে চললেন জিহাদের ময়দানে, নিজের চেহারাটা কাপড় দিয়ে মুড়ে নিলেন,

যেন আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে দেখে চিনে ফেলতে না পারেন। কারণ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে দেখলেই তো বাড়িতে পাঠিয়ে দিবেন! সে যে সদ্য-বিবাহিত! সাহাবারা (রা) বলাবলি করছিলেন, যুদ্ধ করতে আসা এই মুখ-ঢাকা লোকটি কে? আলী (রা) বললেন, "বাদ দাও, সে যুদ্ধ করতে এসেছে।" ক্ষিপ্ততার সাথে সা'দ যুদ্ধ করতে থাকলেন, কিন্তু তাঁর ঘোড়ায় আঘাত হানা হলো, ঘোড়া পড়ে গেলো। সা'দ উঠে দাঁড়ালেন। ঐ সময় নবীজি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তার কালো চামড়া দেখে ফেললেন, "ইয়া সা'দ এ কি তুমি?!" রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর প্রশ্নের জবাবে তিনি (রা) বললেন "আমার মা-বাবা আপনার উপর উৎসর্গিত হোক ইয়া আল্লাহর রাসূল! হ্যাঁ, আমি সা'দ"

মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, "হে সা'দ, জান্নাত ছাড়া তোমার জন্য আর কোন আবাস নেই।" সা'দ (রা) আবারো জিহাদে ঝাঁপিয়ে পড়লেন। কিছু সময় পর কয়েকজন বললো সা'দ আহত হয়েছে। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ছুটে গেলেন ময়দানে। সা'দকে খুঁজতে লাগলেন। সা'দের মাথা খানা নিজের কোলের উপর রেখে কাঁদতে শুরু করলেন। তাঁর অশ্রু গড়িয়ে গড়িয়ে সা'দের মুখের উপর এসে পড়ছিলো। তাঁর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) চোখ বেয়ে নেমে আসছিলো অঝোর ধারা। একটু পর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) হাসতে শুরু করলেন, আর তারপর মুখ ফিরিয়ে নিলেন।

আবু লুবাবা (রা) নামের একজন সাহাবা উনাকে দেখে বিস্ময়ে বললেন, "হে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমি আপনাকে এমনটি কখনো করতে দেখি নি"... আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, "আমি কাঁদছিলাম কারণ আমার প্রিয় সঙ্গী আজ চলে গেলো! আমি দেখেছি সে আমার জন্য কী ত্যাগ করলো আর সে আমাকে কতো ভালোবাসতো... কিন্তু এরপর আমি দেখতে পেলাম তার কী ভাগ্য, আল্লাহর কসম, সে ইতিমধ্যে হাউদে পৌঁছে গেছে।" আবু লুবাবা জিজ্ঞেস করলেন "হাউদ কি?" রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, "এটি হলো এমন এক ঝর্ণা যা থেকে কেউ একবার পান করলে জীবনে আর কোনদিন পিপাসার্ত হবে না, এর স্বাদ মধুর

চেয়েও মিষ্টি, এর রঙ দুধের চেয়েও সাদা! আর যখন আমি তাঁর এইরূপ মর্যাদা দেখলাম, আল্লাহর কসম, আমি হাসতে শুরু করলাম।"

"তারপর আমি দেখতে পেলাম সা'দের দিকে তাঁর জান্নাতের স্ত্রীগণ এমন উৎফুল্ল ভাবে ছুটে আসছে, যে তাদের পা গুলো বের হয়ে পড়ছে, তাই আমি চোখ ফিরিয়ে নিলাম।"

নবীজি অতঃপর সাহাবাদের কাছে এসে বললেন সা'দের ঘোড়া আর তরবারি নিয়ে আসতে, সেগুলো যেন সা'দের স্ত্রীর কাছে নিয়ে যাওয়া হয়, তাকে যেন বলা হয় এগুলো তার বংশধর। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, তাকে জানিয়ে দিও আল্লাহ তা'আলা সা'দকে জান্নাতে স্ত্রী দান করেছেন, তারা তার চাইতেও অনেক সুন্দর। এই হলো সা'দ, যিনি কিছুক্ষণ আগেও অনিশ্চিত ছিলেন যে সে জান্নাতে যেতে পারবে কী না। সমাজে তার কোন মর্যাদা ছিল না, কোন স্ট্যাটাস ছিল না, কিন্তু আল্লাহর চোখে এই হলো তাঁর স্ট্যাটাস। কারণ তাঁর জীবন এবং মরণ ছিলো শুধুমাত্র আল্লাহরই জন্যে...।

''নিঃসন্দেহ আমার নামায ও আমার কুরবানি, আর আমার জীবন ও আমার মরণ - আল্লাহ্*র জন্য যিনি সমস্ত বিশ্বজগতের প্রতিপালক" [সূরাহ আন'আমঃ আয়াত ১৬২]

"নিঃসন্দেহে আল্লাহ্ মুমিনদের কাছ থেকে কিনে নিয়েছেন তাদের জান ও মাল এই মূল্যে যে, তাদের জন্য রয়েছে জান্নাত। তারা যুদ্ধ করে আল্লাহর রাহেঃ অতঃপর মারে ও মরে। তাওরাত, ইঞ্জিল ও কোরআনে তিনি এ সত্য প্রতিশ্রুতিতে অবিচল। আর আল্লাহর চেয়ে প্রতিশ্রুতি রক্ষায় কে অধিক সত্যনিষ্ঠ? সুতরাং তোমরা আনন্দিত হও সে লেনদেনের উপর, যা তোমরা করেছ তাঁর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাথে। আর এটিই হচ্ছে মহা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামফল্য। [সূরাহ আত-তাওবাঃ আয়াত ১১১]

সা'দের জীবনকাহিনী শুনে এ দু'টি আয়াতই মনে পড়ে যায়... আল্লাহ তা'আলা আমাদেরকে কবুল করে নাও! আমীন...।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?৭০৮

মোল্লা মুহাম্মদ উমার মুজাহীদের (রাহিমাহুল্লাহ) এর জীবনী

Umar Faruq

Senior Member

১০-১৯-২০১৫

মোল্লা মুহাম্মদ উমার মুজাহীদের (রাহিমাহুল্লাহ)এর জীবনী

কিন্তু ইমাম বললেন, " সত্য গোপন করা আমার পক্ষে সম্ভব নয়"। তাঁর পক্ষ থেকে সরকারী ফরমানের এহেন বিরুদ্ধাচরণে ৭২০ হিজরীতে 'দারুস্* সাদাত' –এ অনুষ্ঠিত এক অধিবেশনে ইমামকে পুনরায় বন্দী করার সরকারী ফরমান জারী হয়। তখন তিনি পাঁচ মাস আঠার দিন পর্যন্ত দুর্গে বন্দী ছিলেন। এক বছর পর তাঁকে মুক্তি দেয়া হলে তিনি সেই পুরাতন কাজ শুরু করেন। ইমাম জ্ঞান প্রসারের কাজে নিমগ্ন হন। তিনি দেখলেন, বহু বুযুর্গের কবর পূজা হচ্ছে। মকসূদ হাসিলের জন্য হাজার হাজার মানুষ কবরে শায়িত বুযুর্গদের কাছে প্রার্থনা জানাবার জন্যে দলে দলে ছুটে আসছে। ইমাম ইবনে তাইমিয়া ৭২৬ সনে ফতোয়া জারী করলেন যে, " কবর যিয়ারত করার নিয়তে দূর দেশ সফর করা জায়েয নয়। এ ফতোয়া জারীর পর তাঁর বিরুদ্ধে দেশব্যাপী উত্তেজনার সৃষ্টি হয়। বিরুদ্ধবাদীরা বড় বড় সভা করে তাঁর বিরুদ্ধে আগুন ঝরা বক্তৃতা দেয়। মানুষকে ক্ষেপিয়ে তোলে। কেউ বলে জিহ্বা কেটে দিতে হবে, কেউ বলে চাবুক মারতে হবে। কারও মত হলো যাবজ্জীবন কারারুদ্ধ করে রাখতে হবে। একদল মিসরের বাদশাহ্*র কাছে দাবী তুলল, তাঁকে যেন কতল করা হয়। পরে সরকার তাঁকে কারারুদ্ধ করার সিদ্ধান্ত নেয়। গ্রেফতারকারি পুলিশ তাঁর নিকট গেলে তিনি সহাস্যে তাদের সাথে কারাগারে চলে যান। বাগদাদে এ খবর পৌঁছুলে সেখানকার তদানীন্তন শ্রেষ্ঠ আলিমগণ ইমামের ফতোয়াকে ইসলামের মূল ভাবধারার সাথে সামঞ্জস্যশীল বলে তাঁর প্রতি সমর্থন জানায়। তাঁরা বাদশাহর কাছে দু'খানা চিঠি পাঠান। ঐ সকল চিঠির সারমর্ম হলোঃ ইমাম ইবনে তাইমিয়া যুগশ্রেষ্ঠ শতাব্দীর মুজতাহিদ ইসলামী মিল্লাতের নেতা, পৃথিবীর সমস্ত একলীমের ধনভান্ডারও তাঁর মূল্য দিতে অক্ষম। আশ্চর্যের বিষয় যে, জাতির এ কর্ণধার যেখানে রাজপ্রাসাদে থাকার কথা, তাঁকে রাখা হয়েছে কারাগারে। তাঁর প্রতি ভিত্তিহীন দোষারোপ করা হয়েছে। তাঁকে আশু মুক্তি দেয়া উচিত।

ইরাকীরা ইমামের কারা-নির্যাতনের কথা শুনলে সারা দেশে অন্তর্বেদনার প্রচন্ড আগুন জ্বলে উঠে। আলিমদের সম্মিলিত এক ঘোষণায় বলা হয়, ইমাম ইবনে তাইমিয়ার বক্তব্য সন্দেহাতীতভাবে সত্য। সুতরাং শায়খুল ইসলামকে দীনের খিদমতের জন্য মুক্তি দেয়া হোক। তাতে বিশ্ব-মুসলিমের প্রতি বিরাট অনুগ্রহ করা হবে। বাগদাদের শ্রেষ্ঠ ওলামা-এ-কিরামের এ চিঠি মিসর বাদশাহ্*র দরবার পর্যন্ত পৌঁছতে পারেনি কিংবা পৌঁছুলেও তা এমন সময় যে, তখন ইসলামী দুনিয়ার শতাব্দীর এ উজ্জ্বল সূর্য অস্তমিত হয়ে গেছে। ইসলামের জন্য নিবেদিত প্রাণ মর্দে মুজাহিদ শায়খুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়া চিরদিনের তরে এ দুনিয়া থেকে বিদায় নিয়ে গেলেন।

শায়খুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়া (র) জীবনের শেষ দিনগুলো কারাগারে ইবাদত বন্দেগী, কুরআন তিলাওয়াত ও এর গবেষণাইতেই কাটাতেন। শেষবারে ইমাম দীর্ঘ তিন বছর তিন মাস কালেরও বেশি দিন কারারুদ্ধ ছিলেন। কারাগারের এ নিষ্ঠুর বন্দী জীবনও কেটেছে তাঁর অসংখ্য মৌলিক ও মূল্যবান গ্রন্থ রচনায়।

ইসলামের শিক্ষা আদর্শ থেকে বিচ্যুতির ফলে সপ্তম ও অষ্টম শতাব্দীতে মুসলমানদের উপর আল্লাহ্*র গযব রূপে তাতারীদের যেই হামলা আসে, তখনও মুসলিম বিশ্বে অসংখ্য আলিম ছিলেন, পীর-মাশায়েখ ছিলেন। কিন্তু আরাম-আয়েশ বাদ দিয়ে এ মহাবিপিওদের মুকাবিলা করা এবং মুসলিম জনতাকে সংগঠিত করার মতো লোক খুব কমই ছিল। উদ্ভাবনী জ্ঞান দিয়ে সে দায়িত্ব পালন করেছিলেন একমাত্র ইমাম ইবনে তাইমিয়া (র)। ইসলাম মানব জীবনের সকল ক্ষেত্রে একটি বিপ্লবের আহ্বান নিয়ে এসেছে- বাতিলের সাথে মিতালি করে চলার জন্যে নয়, ইমাম ইবনে তাইমিয়া অসহ্য কষ্ট-নির্যাতনের মধ্যদিয়ে তারই প্রমাণ রেখে গেছেন। আল্লাহ্*র দীন প্রতিষ্ঠাকল্পে বাতিলের বিরুদ্ধে লেখা, বক্তৃতা ও প্রয়োজনে অস্ত্রধারণ করেছেন এবং কষ্ট ত্যাগের মধ্যদিয়েও কি করে ঈমানী পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়, ইমাম ইবনে তাইমিয়ার সংগ্রামী জীবন উন্মুক্ত গ্রন্থতুল্য এরই এক উজ্জ্বল দৃষ্টান্ত।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১৪৬২

আবু মূসা আলাইহি ওয়া সাল্লাম আল আশয়ারী (রা)

Ahmad Faruq M

Senior Member

১২-২১-২০১৫

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাহাবাদের পাতা থেকেঃ

আবু মূসা আল আশয়ারী (রা)

==========

আব্দুল্লাহ নাম, আবু মূসা কুনিয়াত। কুনিয়াত দ্বারাই তিনি অধিক পরিচিত। পিতা কায়েস, মাতা তাইয়েব্র। তার ইসলাম পূর্ব জীবন সম্পর্কে তেমন কিছু জানা যায়না। এতটুকু জানা যায় যে, তিনি ইয়ামানের অধিবাসী ছিলেন। তথাকার আল আশয়ার গোত্রের সন্তার হওয়ায় তিনি আল আশয়ারী হিসেবে প্রসিদ্ধি লাভ করেন। হযরত আবু মূসা ইসলামের পরিচয় লাভ করে ইয়ামান থেকে মক্কায় আসেন এবং রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর হাতে বাইয়াত হন। মক্কার আবদু শামস গোত্রের সাথে বন্ধু সম্পর্ক গড়ে তোলেন। কিছুদিন মক্কায় অবস্থানের পর স্বদেশবাসীকে ইসলামের দাওয়াত দেওয়ার উদ্দেশ্যে ইয়ামান ফিরে যান। হযরত আবু মূসা ছিলেন তার খান্দানের অন্যতম প্রভাবশালী নেতা। খান্দানের লোকেরা খুব দ্রুত এবং ব্যাপকভাবে দাওয়াতে সাড়া দেয়। প্রায় পঞ্চাশজন মুসলমানের একটি দলকে সাথে নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. এর কাছে যাওয়ার জন্য ইয়ামান থেকে সমুদ্র পথে যাত্রা করেন। সমুদ্রের প্রতিকুল আবহাওয়া এ দলটিকে হিজাযের পরিবর্তে হাবশা ঠেলে নিয়ে যায়।

এদিকে হযরত জাফর বিন আবী তালীব ও তার সংগী সাথীরা যারা তখনও হাবশায় অবস্থান করছিলেন, মদীনার উদ্দেশ্যে রওনা দিয়েছেন। আবু মূসা তার দলটিসহ এই কাফিলার সাথে মদীনার পথ ধরলেন। তারা মদীনায় পৌছলেন, আর

এদিকে রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নেতৃত্বে মুসলিম বাহিনী খাইবার বিজয় শেষ করে মদীনায় ফিরেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম. আবু মূসা ও তার সংগী সকলকে খাইবারের গনীমতের অংশ দান করেন। হযরত আবু মূসা মক্কা বিজয় ও হুনাইন যুদ্ধে শরীক ছিলেন। হুনাইনের ময়দান থেকে পালিয়ে বনু হাওয়াযিন আওতাস উপত্যকায় সমবেত হয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরক সমূলে উৎখাতের জন্য হযরত আবু আমেরের নেতৃত্বে একটি দল পাঠান। তারা আওতাস পৌছে হাওয়াযিন সর্দার দুরাইদ ইবন্যুস সাম্মাকে হত্যা করে তাদের ছত্রভঙ্গ করে দেয়। কিন্তু ঘটনাক্রমে হাশামী নামক এক মুশরিকের নিক্ষিপ্ত তীরে আবু আমের মারাত্নকভাবে আহত হন। আবু মূসা আশয়ারী পিছু ধাওয়া করে এই মুশরিককে হত্যা করেন।

হযরত আবু আমের তার মৃত্যুর পূর্বে আবু মূসা কে তার স্থলাভিষিক্ত করেন্ এবং আবু মূসার কাছে এই বলে অনুরোধ করেন যে, ভাই রাসূলুল্লাহর খেদমতে আমার শেষ সালাম পৌছে দেবেন এবং আমার মাগফিরাতের জন্য দোয়া করতে বলবেন। আবু আমের শেষ নিশ্বাস ত্যাগ করলেন। আবু মূসা তার বাহিনী সহ মদীনায ফিরে এসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে আবু আমেরের অন্তীম অসীয়তের কথা বর্ণনা করলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: পানি আনিয়ে ওযু করলেন এবং আবু আমেরের জন্য মাগফিরাত কামনা করে দোয়া করলেন। আবু মূসা আরজ করলেন ইয়া রাসূলুল্লাহ আমার জন্যও একটু দোয়া করুন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: হে আল্লাহ! আব্দুল্লাহ ইবনে কায়েসের পাপসমূহ মাফ করে দিন। কিয়ামতের দিন তাকে সম্মানের সাথে জান্নাতে প্রবেশের সুযোগ দিন। হিজরী নবম সনে তাবুক অভিযানের তোড়জোড় চলছে। আবু মূসার সংগী সাথীরা তাকে পাঠালেন রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: কাছে তাদের জন্য সওয়ারী চেয়ে আনার জন্য। ঘটনাক্রমে আবু মূসা যখন পৌছলেন তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: কোন কারণে উত্তেজিত ছিলেন।

আবু মূসা তা না বুঝে আরজ করলেন ইয়া রাসূলুল্লাহ আমার সাথীরা আমাকে পাঠিয়েছে, আপনি যেন তাদেরকে সওয়ারী দান করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: বসে ছিলেন। উত্তেজিত কণ্ঠে তিনি বলে ওঠেন আল্লাহর কসম তোমাদের আমি কোন সওয়ারী দেবনা। আবু মূসা ভীত হয়ে পড়লেন, না জনি

কোন বেয়াদবী হয়ে গেল। অত্যন্ত দু:খিত মনে ফিরে এসে সংগী সাল্লামখীদের তিনি এ দু:সংবাদ জানালেন। কিন্তু তখনও তিনি স্থির হয়ে দাড়াতে পারেননি, এর মধ্যে বিলাল দৌড়ে এলেন আবদুল্লাহ ইবনে কায়েস কোথায় তুমি? চলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: তোমাকে ডাকছেন। তিনি বিলালের সাথে রাসুলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: দরবারে হাজির হলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: নিকটে বাধা দুটি উটের দেকে তিনি ইঙ্গিত করে বললেন: এ দুটিকে তোমার সাথীদের কাছে নিয়ে যাও। হযরত আবু মূসা উট দুটি নিয়ে গোত্রীয় লোকদের কাছে ফিরে এসে বললেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: তোমাদের এ দুটি উট সওয়ারী হিসেবে রুপে দান করেছেন, তবে তোমাদের কিছু লোককে আমার সাথে এমন কোন লোকের কাছে যেতে হবে যে রাসূলুল্লাহর পূর্বের কথা শুনেছিল। যাতে তোমাদের মনে এ ধারণা না হয় যে, আমি আগে যা বলেছিলাম তা আমার মনগড়া কথা ছিল। লোকেরা বলল আল্লাহর কসম আমরা আপনাকে সত্যবাদী বলেই বিশ্বাস করি। তবে আপনি যখন বলছেন. চলুন।

এভাবে কিছু লোককে সংগে নিয়ে তিনি তার পূর্বের কথার সত্যতা প্রমান করেন। তাবুক থেকে ফেরার পর একদিন আশয়ারী গোত্রের দুইজন নেতৃস্থানীয় ব্যাক্তি হযরত আবু মূসা আশয়ারীকে সংগে নিয়ে রাসূলুল্লাহর কাছে গেল। তারা রাসূলুল্লাহর কাছে যে কোন একটি পদ লাভের আকাঙ্খা ব্যক্ত করল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিসওয়াক করছিলেন। তাদের কথা শুনে তার মিসওয়াক করা বন্ধ হয়ে যায়। তিনি আবুর দিকে ফিরে বললেন আবু মূসা আবু মূসা । আবু মূসা আরজ করলেন ইয়া রাসূলুল্লাহ আমি তাদের অন্তরের কথা জানতাম না। আমি জানতাম না তারা কোন পদ লাভের আকাঙ্খা ব্যক্ত করবে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: বললেন যদি কেউ নিজেই কোন পদের আকাঙ্খী হয়, আমি তাকে কখখনো সেই পদে নিয়োগ করবোনা। তবে, আবু মূসা তুমি ইয়ামানে যাও। আমি তোমাকে সেখানকার ওয়ালী নিযুক্ত করলাম। সেই প্রাচীনকাল থেকে ইয়ামান দু'ভাগে বিভক্ত ছিল। ইয়ামান আকসা ও ইয়ামান আদনা। হযরত মুয়াজ বিন জাবালকে ইয়ামন আকসার এবং আবু মূসা আলাইহি ওয়া সাল্লামকে ইয়ামন আদনার দায়িত্ব দেয়া হল।

দুজনকে বিদায় দিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: তাদের উদ্দেশ্যে বললেন: "ইয়ামন বাসীর সাথে নরমে ব্যবহার করবে, কোন প্রকার কঠোরতা করবেনা। মানুষকে খুশী রাখবে, ক্ষেপিয়ে তুলবেনা। পরস্পর মিলে মিশে বসবাস করবে।**" নিজ দেশ হওয়ার কারণে ইয়ামন বাসীর ওপর হযরত আবু মূসার যথেষ্ট প্রভাব শুরু থেকেই ছিল। তাই সুষ্ঠুভাবে তিনি দায়িত্ব পালন করেন। পার্শ্ববর্তী ওয়ালী হযরত মুয়াজের সাথে তার ব্যক্তিগত বন্ধুত্ব ছিল। মাঝে মাঝে সীমান্তে গিয়ে তারা মিলিত হতেন এবং বিভিন্ন বিষয়ে পরস্পর মত বিনিময় করতেন। হিজরী দশম সনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: হজ্জ আদায় করেন। হযরত আবু মূসা ইয়ামন থেকে এসে হজ্জে অংশগ্রহন করেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: তাকে জিজ্ঞেস করলেন : আব্দুল্লাহ ইবনে কায়েস, কি হজ্জের উদ্দেশ্যে এসেছ? তিনি জবাব দিলেন: হা ইয়া রাসুলুল্লাহ! রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: প্রশ্ন করলেন: তোমার নিয়ত কি ছিল? তিনি বলেন: আমি বলেছিলাম রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: যে নিয়াত আমারও সেই নিয়ত। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: আবার প্রশ্ন করলেন কুরবানীর পশু সংগে এনেছ কি? তিনি বললেন না:।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: নির্দেশ দিলেন তাওয়াফ্ ও সায়ী করবার পর ইহরাম ভেঙ্গে ফেল।(সহীহুল বুখারী) উল্লেখ্য যে. রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) হজ্জে কিরান আদায় করেছিলেন। আর হজ্জে কিরানের জন্য কুরবানীর পশূ সংগে নিয়ে আসার আলাইহি ওয়া সাল্লাম জরুরী। হজ্জ শেষে আবু মূসা ইয়ামনে ফিরে আসেন। এদিকে আসওয়াদ আনাসী নামক এক ভন্ড নবী নবুওয়াত দাবী করে, বিদ্রোহ ঘোষনা করে বসে। এমনকি হযরত মুয়াজ বিন জাবাল আবু মূসার রাজধানী মারেব চলে আসতে বাধ্য হন। এখানেও তারা বেশী দিন থাকতে পারলেনা। অবশেষে তারা হাদরামাউতে আশ্রয় নেন। যদিও ইবনে মাকতুহ মুরাদী আসওয়াদ আনাসীকে হত্যা করেন, তবুও রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: এর ইনতিকালে আবার বিদ্রোহ মাথাচাড়া দিয়ে ওঠে। অত:পর প্রথম খলীফা হযরত আবু বকর রা: মদীনা থেকে বাহিনী পাঠিয়ে এই বিদ্রোহ নির্মূল করেন। ইয়ামনের দুই ওয়ালী নিজেদের স্থানে আপন আপন দায়িত্বে ফিরে যান। হযরত আবু মূসা হাদরামাউত থেকে নিজ কর্মস্থল হাদরামাউতে ফিরে

আসেন। এবং দ্বিতীয় খলিফার খিলাফত কালের প্রথম পর্যায় অত্যন্ত সফলভাবে দায়িত্ব পালন করতে থাকেন।

হযরত উমারের রা: খিলাফাতকালে বিভিন্ন অঞ্চলে অভিযান পরিচালনা শুরু হলে আবু মূসা রা: জিহাদে শরীক হওয়াল প্রবল আকাঙ্খায় ওয়ালীর দায়িত্ব ত্যাগ করে হযরত সা'দ ইবন আবী ওয়াক্কাসের বাহিনীতে সৈনিক হিসেবে যোগদান করেন। হিজরী ১৭ সনে সেনাপতি সা'দের নির্দেশে তিনি নাসিবীন জয় করেন। এবছরই বসরার ওয়াশী মুগীরা ইবন শুবাকে রা: অপসারণ করে তার স্থলে আবু মূসা রা: কে নিয়োগ করা হয়। খুযিস্তান হচ্ছে বসরার সীমান্ত সংগলগ্ন এলাকা। ঐ এলাকাটি তখনো ইরানীদের দখলে ছিল। হিজরী ১৬ সনে খুযিস্তান দখলের উদ্দেশ্যে হযরত মুগীরা রা: আহওয়াযে সামরিক অভিযান পরিচালনা করেন। আহওয়াযের সর্দার অল্প কিছু অর্থ বার্ষিক করদানের বিনিময়ে মুগীরার সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাথে সন্ধি করেন। মুগীরা ফিরে যান।

হিজরী ১৭ সনে মুগীরার স্থলে আবু মূসা দায়িত্ব গ্রহন করলে আহওয়াজবাসী কর প্রদান বন্ধ করে দিয়ে বিদ্রোহ করে। বাধ্য হয়ে আবু মূসা সৈন্য পাঠিয়ে আহওয়াজ দখল করেন এবং মানাযির পযর্ন্ত অভিযান অব্যহত রাখেন। বিশিষ্ট সেনা অফিসার হযরত মুহাজির ইবন যিয়াদ রা: এই মানাযির অভিযানের এক পযার্য়ে শাহাদাত বরণ করেন। শত্রু বাহিনী তার দেহ থেকে মস্তিষ্ক বিচ্ছিন্ন করে কিল্লার গম্বুজে ঝুলিয়ে রাখে। আবু মূসা হযরত মুহাজিরের ভাই হযরত রাবীকে মানাযির দখলের দায়িত্ব দেন। রাবী মানাযির দখলে সফল হন। এদিকে আবু মূসা সোস অবরোধ করেন। শহরবাসী কিল্লায় আশ্রয় নেয়। অবশেষে তাদের নেতা এই শর্তে আবু মূসার সাথে সমঝোতায় পৌছেন যে, তার খান্দানের একশত ব্যক্তিকে জীবিত রাখা হবে। নেতা এক এক করে একশ ব্যক্তিকে হাজির করলো এবং আবু মূসা শর্ত অনুযায়ী তাদের মুক্তি দিলেন। দুভাগ্যক্রমে নেতা নিজের নামটি পেশ করতে ভুলে গেল এবং সন্ধির শর্তানুযায়ী তাকে হত্যা করা হলো।

সোস অবরোধের পর আবু মূসা 'রামহরমুয' অবরোধ করেন এবং বার্ষিক আট লাখ টাকা দিরহাম কর আদায়ের শর্তে তাদের সাথে সন্ধি হয়। চারদিক থেকে তাড়া খেয়ে শাহানশাহে ইরানের সেনাপতি হরমুযান শোশতার এর মজবুত কেল্লায় আশ্রয় নিয়েছে। আবু মূসা শহরটি অবরোধ করে বসে আছেন। শহরটি পতনের সব

চেষ্টাই ব্যর্থ হচ্ছে। একদিন অপ্রত্যাশিতভাবে এক ব্যক্তি গোপনে শহর থেকে বেরিয়ে আবু মূসার ছাউনীতে চলে এলো। সে প্রস্তাব দেয়, যদি তার নিরাপত্তার নিশ্চয়তা দেয়া হয় তাহলে সে শহরের পতন ঘটিয়ে দেবে। লোকটির শর্ত মনজুর হলো। সে আশরাস নামক এক আরবকে সংগে নিল।আশরাস চাদর দিয়ে মাথা মুখ ঢেকে চাকরের মত লোকটির পিছে পিছে চলল। তারা নদী ও গোপন সুড়ংগ পথে শহরে প্রবেশ করে এবং নালা অলি গলি পেরিয়ে হরমুযানের খাস মহলে গিয়ে হাজির হয়। এভাবে আশরাস গোপনে শহরের সব অবস্থা পযর্বেক্ষন করে গোপনে আবার আবু মূসার কাছে ফিরে আসে এবং বিস্তারিত রিপোর্ট পেশ করে।

অত:পর আবু মূসার নির্দেশে আশরাস দু'শো জানবাজ সিপাহী সংগে করে হঠাৎ আক্রমন করে দ্বার রক্ষীদের হত্যা করে দরযা খুলে দেয়। এদিকে আবু মূসা ও তার সকল সৈন্যসহ দরজার মুখেই্উপস্থিত ছিলেন। দরযা খোলার সাথে সাথে সকল সৈনিক একযোগে নগরের অভ্যন্তরে প্রবেশ কর্ শহরে হৈ চৈ পড়ে যায়। হরমুযান দৌড়ে কিল্লায় আশ্রয় নেয়। মুসলিম বাহিনী কিল্লার পাশে পৌছলে হরমুযান কিল্লার গম্বুজে উঠে ঘোষনা করে যে, যদি আত্নসমর্পনে রাজী। তার শর্ত মঞ্জুর করা হয় এবং তাকে হযরতের সাথে দারুল খিলাফাত মদীনায় পাঠিয়ে দেওয়া হয়। শোশতার বিজয়ের পর আবু মূসার নেতৃত্বে মুসলিম বাহিনী জুনদি সাবুর অবরোধ করে। এ অবরোধ বেশ কিছুদিন ধরে চলছিল। একদিন শহরবাসী হঠাত শহরের ফটক উন্মুক্ত করে দেয়। তারা অত্যন্ত শান্তভাবে আপন আপন কাজে ব্যস্ত। মুসলিম বাহিনী শহরে প্রবেশ করে তাদের এমন নি:শঙ্কভাব দেখে অবাক হয়ে যায়। জিজ্ঞেস করলে তারা জানালো, কেন আমাদের তো জিযিয়ার শর্তে নিরাপত্তা দেয়া হয়েছে। খোজ খবর নিয়ে জানা গেল, মুসলিম বাহিনীর এক দাস সকলের অগোচরে একাই এ নিরাপত্তার চুক্তি স্বাক্ষর করেছে। সেনাপতি আবু মূসা দাসের এ চুক্তি মানতে অস্বীকার করলেন। শহরবাসী বলল, কে দাস, কে স্বাধীন তা আমরা জানিনে। শেষে এ বিষয়টি মদীনার খলিফার দরবারে উত্থাপিত হলো। খলীফা জানালো, মুসলমানদের দাসও মুসলমান। যাদেরকে সে আমান বা নিরাপত্তা দিয়েছে, সকল মুসলমানই যেন তাদের আমান দিয়েছে।

এভাবে আবু মূসার নেতৃত্বে গোটা খুযিস্তানে ইসলামের ভিত্তি সুদৃঢ় হয়। এবং সেই সাথে তার অবস্থান স্থল বসরা শত্রুর হুমকি থেকে মুক্ত হয়ে যায়। খুযিস্তানের পতনের পর হিজরী ২১ সনে ইরানীরা নিহাওয়ান্দে এক চূড়ান্ত যুদ্ধের প্রস্তুতি

নেয়। খলীফা ইমার রা: নুমান ইবনে মুকরিনকে বিরাট এক বাহিনীসহ নিহাওয়ান্দে পাঠান এবং আবু মূসা তাকে সাহায্য করার নির্দেশ দেন। খলীফার নির্দেশ পেয়ে বিরাট এক বাহিনীসহ তিনি নিহাওয়ান্দে পৌছেন। এ যুদ্ধেও ইরানী বাহিনী মারাত্নকভাবে পরাজয় বরণ করে। খুযিস্তান জয়ের পর বিজিত এলাকা বসরার সাথে একীভূত করার জন্য আবু মূসা আবেদন জানালেন খলীফার কাছে। এদিকে কুফাবাসীরাও কুফার সাথে একীভূত করার দাবী জানালো তাদের ওয়ালী আম্মার

ইবনে ইয়াসিরের (রা নিকট। খলীফ আবু মূসার দাবী সমর্ধন করে বিজিত এলাকা বসরার সাথে একীভূত করলেন। এ দিকে কুফাবাসী তাদের দাবী পূরণে ব্যর্থ হওয়ায় আম্মারের বিরুদ্ধে বিক্ষুব্ধ হয়ে ওঠ্। অবশেষে খলীফা কুফাবাসীদের দাবী অনুযায়ী আম্মারকে সরিয়ে হিজরী ২২ সনে আবু মূসাকে কুফার ওয়ালী নিযুক্ত করেন। কিন্ত এক বছর পর হিজরী ২৩ সনে আবার বসরায় বদলী হন। এ বছরই (হি: ২৩) দাব্বা নামক এক ব্যক্তি খলীফার কাছে আবু মূসার বিরুদ্ধে নিম্নের অভিযোগগুলি উত্থাপন করে:

১. আবু মূসা যুদ্ধবন্দীদের থেতে ষাটজন সর্দার পুত্রকে নিজেই নিয়ে নিয়েছেন।

২. তিনি শাসনর্কাযের যাবতীয় দায়িত্ব যিয়াদ ইবন সুমাইয়ার ওপর ন্যস্ত করেছেন এবং প্রকৃতপক্ষে যিয়াদ এখন সকল দন্ডমুন্ডের মালিক।

৩. তিনি কবি হুতাইয়্যাকে এক হাজার দিরহাম ইনয়াম দিয়েছেন।

৪. আকলিয়্যা নাম্মী তার এক দাসীকে দু'বেলা উত্তম খাবার দেয়া হয়; অথচ তেমন খাবার সাধারণ মানুষ খেতে পায়না।

হজরত উমার নিজহাতে অভিযোগগুলি লিখলেন। আবু মূসা কে মদীনায় ডেকে জিজ্ঞাসাবাদ করলেন। অভিযোগগুলির সত্য মিথ্যা নিরুপনের জন্য যথারীতি অনুসন্ধান চালালেন। প্রথম অভিযোগটি মিথ্যা প্রমানিত হল। দ্বিতীয় অভিযোগের জবাব দিলেন যে, যিয়াদ একজন তুখোড় রাজনীতিক ও দক্ষ প্রশাসক। তাকে আমি উপদেষ্টা নিয়োগ করেছি। খলীফা যিয়াদকে ডেকে পরীক্ষা নিলেন এবং তাকে যোগ্য ব্যক্তি হিসেবে দেখতে পেলেন। যিয়াদকে তার পদে বহাল রাখার নির্দেশ দিলেন। তৃতীয় অভিযোগের জবাবে বললেন, হুতাইয়্যা যাতে আমার হিজু(নিন্দা) না করে এজন্য আমি তাকে আমার নিজ অর্থ থেকে উপঢৌকন দিয়েছি। কিন্ত চতুর্থ

অভিযোগের কোন জবাব তিনি দিতে পারলেন না। হযরত উমার রা: একটু বকাবকি করে তাকে ছেড়ে দিলেন।(তাবারী)

আবু মূসা এ বছরই (হি: ২৩) ইস্পাহানে অভিযান চালিয়ে অঞ্চলটি ইসলামী খিলাফাতের অন্তর্ভূক্ত করেন। ইস্পাহান বিজয় শেষ করে ফিরে এলে সেই বছরই তাকে বসরা থেকে কুফায় বদলী করা হয়। বসরাবাসীদের ভীষন পানি-কষ্ট চিল। বিষয়টি খলীফার দরবারে পৌছানো হলো। দিজলা নদী থেকে খাল কেটে বসরা শহর পযর্ন্ত নেওয়ার জন্য খলীফা নির্দেশ দিলেন। আবু মূসার নেতৃত্বে দশ মাইল দীর্ঘ একটি খাল খনন করে বসরাবাসীদের পানি-কষ্ট দূর করা হয়। ইতিহাসে এ খাল নহরে আবি মূসা নামে প্রসিদ্ধ। হিজরী ২৩ সনে জিলহজ্জ মাসে দ্বিতীয় মাসে

খলীফা উমার শাহাদাত বরণ করেন। হযরত উসমান(রা খিলাফাতের দায়িত্বভার গ্রহনের পর প্রশাসনের কাঠামোতে অনেক রদবদল করেন। কিন্তু হিজরী ২৯ সন পযর্ন্ত আবু মূসা বসরার ওয়ালী পদে বহাল থাকেন। হিজরী ২৯ সনে কুর্দীরা বিদ্রোহ ঘোষনা করে। আবু মূসা মসজিদে গিয়ে তাদের বিরুদ্ধে জিহাদ সর্ম্পকে এক জ্বালাময়ী ভাষন দান করেন। ভাষনে আল্লাহর রাস্তায় পায়ে হেটে চলার ফযীলত বর্ণনা করেন। তার প্রতিক্রিয়া স্বরুপ কিছু মুজাহিদ তাদের নিকট ঘোড়া থাকা সত্ত্বেও পায়ে হেটে চলার জন্য প্রস্তত হয়ে গেল।

আবু মূসার সমালোচক তাদেরকে বলল: আমাদের এত তাড়াতাড়ি করা উচিত হবে না। দেখা যাক আমাদের আমীর আবু মূসা কিভাবে চলেন। আবু মূসা ও ঘোড়ার ওপর সওয়ার হয়ে বের হয়ে এলেন। মুজাহিদরা তার ঘোড়ার লাগাম ধরে প্রতিবাদ করে বসল। আসলে আবু মূসার ভাষনের অর্থ এমন ছিলনা যে, যাদের ঘোড়া আছে তারা তাদের কাঝে তা ব্যবহার করবে না। বস্তত: তখন সময়টি ছিল ফিতনা ও ষড়যন্ত্রের। হাঙ্গামাবাজরা এই সামান্য ঘটনাকে কেন্দ্র করে মদীনায় চলে গেল এবং তার অপসারণ দাবী করলো। খলীফা উসমান তাকে সরিয়ে নিলেন। হিজরী ৩৪ সনে কুফাবাসীদের সাঈদ ইবনুল আসের স্থলে খলীফা উসমা, আবু মূসা কে আবার কুফার ওয়ালী নিযুক্ত করেন। খিলাফতের সবর্ত্র তখন চলছে দারুণ চক্রান্ত ও ষড়যন্ত্র। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: এর কথা আবু মূসা র স্মরণে ছিল। তাই তিনি তার বক্তৃতা ভাষনে সবর্দা কুফাবাসীদের এ ভবিষদ্বানীর কথা শোনাতেন। তাদেরকে সব ফিতনা থেকে দুরে থাকার উপদেশ দিতেন।

হিজরী ৩৫ সনে হযরত উসমানের (রা শাহাদাত ও হযরত আলীর খলীফা হওয়ার পর সেই ফিতনা আত্নপ্রকাশ করে। তৃতীয় খলিফা হযরত উসমানের রা: রক্তের কিসাসের দাবীতে সোচ্চার হয়ে হযরত আয়িশা, তালহা ও যুবাইর রা: মক্কা থেকে বসরার দিকে রওয়ানা হলেন। এদিকে তাদের প্রতিরোধের উদ্দেশ্যে খলীফা হযরত আলী রা: উপস্থিত হলেন যি'কার নামক স্থানে। অন্যদিকে আম্মার ইবনে ইয়াসিরের সাথে হযরত হাসানকে পাঠালেন কুফায়। হযরত হাসান যখন কুফা পৌছলেন, আবু মূসা আশয়ারী তখন কুফা মসজিদে এক বিশাল মসজিদে এক বিশাল জনসমাবেশে ভাষন দিচ্ছিলেন। ভাষনে তিনি জনগনকে এ্ই ফিতনা থেকে দূরে থাকার উপদেশ দিচ্ছিলেন। হযরত হাসান সেথানে উপস্থিত হলেন এবং আবু মূসার রা: সাথে তার কিছু বাক বিতন্ডা হয়। আবু মূসা নীরবে মসজিদের মিম্বর থেকে নেমে আসেন এবং কোন রকম প্রতিবাদ না করে সোজা সিরিয়ার এক অজ্ঞাত গ্রামে গিয়ে বসবাস করতে থাকেন। এভাবে তিনি গৃহযুদ্ধে সম্পূর্ণ নিরপেক্ষ ভূমিকা পালন করেন।

সিফফিনে হযরত আলী(রা ও হযরত মুয়াবিয়া রা: যুদ্ধ বিরতি ঘোষনা করলেন এই শর্তে যে, উভয় পক্ষ একজন করে দু'জন নিরপেক্ষ বিচারকের ওপর বিষয়টি নিষ্পত্তির ভার দেওয়া হবে। তাদের মিলিত সিদ্ধান্ত উভয় পক্ষ মেনে নেবে। আলীর রা: পক্ষ আবু মূসা আলাইহি ওয়া সাল্লামকে এবং মুয়াবিয়ার রা: পক্ষ আমর ইবনুল আসকে রা: বিচারক নিযুক্ত করেন। উভয় পক্ষ '*দুমাতুল জান্দাল' নামক স্থানে একত্র হলেন। বিষয়টি নিয়ে দু'জনের মধ্যে দীর্ঘ আলোচনা হলো। অবশেষে তারা এ্*ই সিদ্ধান্তে পৌছলেন যে, উম্মাতের স্বার্থে আলী ও মুয়াবিয়া উভয়কে খিলাফতের পদ থেকে অপসারণ আলাইহি ওয়া সাল্লামরণ করতে হবে এবং মজলিসে শুরা তৃতীয় কাউকে খলীফা নিবার্চন করবে। তারা উভয়ে জনগনের সামনে হাজির হলেন তাদের সিদ্ধান্ত ঘোষনার জন্য। আমর ইবনুল আসের অনুরোধে আবু মূসা প্রথমে উঠে সিদ্ধান্ত ঘোষনা করলেন; আবু মূসা তার পূর্ব সিদ্ধান্ত থেকে সরে এসে হযরত মুয়াবিয়াকে খলীফা ঘোষনা করে বসলেন। আবু মূসা স্তম্ভিত হয়ে গেলেন।

আসলে আবু মূসা ছিলেন অত্যন্ত সরল ও সাদাসিধে প্রকৃতির। ধোকা ও কূটনীতি কি জিনিস তিনি জানতেন না। এ কারণে তাকে বিচারক নিযুক্ত করার ব্যাপারে হযরত আলী রা: দ্বিমত পোষন করেছিলেন। কিন্তু তার পক্ষের লোকদের চাপাচাপিতে তিনিও মেনে নেন। আমর ইবনুল আসের কুটনৈতিক জালে পরাজিত হয়ে আবু মূসা অনুশোচনায় এত দগ্ধিভূত হলেন যে, সেই মুহুর্তে তিনি মক্কার পথ ধরলেন। জীবনে আর কোন ব্যাপারে তিনি অংশগ্রহন করেননি। তার মৃত্যু সন ও স্থান সম্পর্কে বিভিন্ন মত রয়েছে। কারো মতে মক্কায় আবার কারো মতে তিনি কুফায় মৃত্যুবরণ করেন। তবে সর্বাধিক প্রসিদ্ধ মতে তিনি মক্কায় ইনতিকাল করেন। অনুরূপভাবে তার মৃত্যুসন হি: ৪২, ৪৪ ও ৫২ সন বলে একাধিক মত রয়েছে। তবে প্রসিদ্ধ মতে হি: ৪৪ তার মৃত্যুসন। (তাজকিরাতুল হুফফাজ)।

হযরত আবু মূসা রা: জীবনের শেষ পর্যন্ত রাসুলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: আদেশ নিষেধ পালনে অত্যন্ত যত্নবার ছিলেন। এমনকি যখন তার অবস্থা সঙ্কটজনক হয়ে পড়ে এবং তিনি চেতনা হারিয়ে ফেলেন, তখন মহিলারা কান্নাকাটি শুরু করে দেয়। সেই মারাত্নক মুহুর্তেও ক্ষনিকের জন্য চেতনা ফিরে পেয়ে বলে ওঠেন: যে জিনিস থেকে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: এমন বিলাপকারিনীদের থেকে দায়িত্ব মুক্তির কথা বলেছেন। প্রথম জীবনে দারিদ্র ছিল তার নিত্য সঙ্গী। কিন্তু পরবর্তী জীবন সচ্ছলতায় কেটেছে। হযরত উমার রা: তার ভাতা নির্ধারণ করে দিয়েছিলেন।

রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: বিশেষ নৈকট্য লাভের সৌভাগ্যে যাদের হয়েছিল হযরত আবু মূসা রা: সেই সব বিশিষ্ট সাহাবীদের অন্তর্ভূক্ত ছিলেন। রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: জীবদ্দশায় যে ছয় ব্যাক্তি ফাতওয়া দানের অনুমতি পেয়েছিলেন, তিনি তাদের অন্যতম। (তাজকিরাতুল হুফফাজ) আসওয়াদ নামক একজন তাবেয়ী বলেন আমি কুফায় হযরত আলী রা: ও হযরত আবু মূসা রা: অপেক্ষা জ্ঞানী ব্যাক্তি আর দেখিনি। হযরত আলী রা: বলতেন: মাথা থেকে পা পর্যন্ত আবু মূসা ইলমের রঙে রঞ্জিত। তিনি সব সময় জ্ঞানী-ব্যক্তিবর্গের সাহচর্যে থাকতেন এবং তিনি তাদের সাথে বিভিন্ন বিষয়ে আলোচনা করতেন। এ আলোচনা কখনও কখনও বাহাস-মুনাজিরা পর্যন্ত পৌছে যেত। বিশেষত: আব্দুল্লাহ ইবনে মাসউদ ও মুয়াজ বিন জাবালের রা: সাথে তার বিশেষ তর্ক-বাহাস হতো।

একবার তায়াম্মুমের মাসআলার ব্যাপারে আব্দুল্লাহ ইবনে মাসউদ রা: ও আবু মূসার রা: মধ্যে বিতর্ক হয়। ইমাম বুখারী তায়াম্মুম অধ্যায়ে এ বিতর্ক বর্ণনা করেছেন। তিনি যে শুধু জ্ঞান পিপাসু ছিলেন তাইনা, জ্ঞানের প্রচার ও প্রসারের জন্য আপ্রান চেষ্টা করতেন। তিনি মনে করতেন, যতটুকু তিনি জানবেন অন্যকে তা জানানো ফরজ। একবার এক ভাষণে বলেনধ যে ব্যক্তিকে আল্লাহ ইলম দান করেছেন, তার উচিত অন্য ভাইদের তা জানানো। তবে যে বিষয়ে তার কোন জ্ঞান নেই সে সম্পর্কে একটি শব্দও মুখ থেকে বের করবে না। তার দারসের পদ্ধতিও ছিল বিভিন্ন ধরণের। যথারীতি হালকায়ে দারস ছাড়াও কখনও কখনও লোকজন জড়ো করে তাদের সামনে ভাষন দিতেন। পথে ঘাটে কোথাও এক স্থানে কিছু লোকের দেখা পেলে তাদের কাছে রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দু"একটি বাণী পৌছে দিতেন। শিক্ষাদানের ক্ষেত্রে তিনি খুব কোমল আচরণ করতেন। কেউ অজ্ঞতা বশত: বোকার মত প্রশ্ন করে বসতো, তিনি উত্তেজিত হতেন না। অত্যন্ত নরম সুরে তাকে বুঝিয়ে দিতেন।

পবিত্র কুরআনের সাথে আবু মূসার সম্পর্ক ছিল অত্যন্ত গভীর। রাত-দিনের প্রায় প্রতিচি মূহুর্ত কুরআন তিলাওয়াত ও কুরআন শিক্ষাদানের মাধ্যমে ব্যয় করতেন। ইয়ামনের ওয়ালী থাকাকালে একবার মুয়াজ বিন জাবাল জিজ্ঞেস করেছিলেন. আপনি কিভাবে কুরআন তিলাওয়াত করেন? বললেন: রাত্র দিনে যখনই সুযোগ পাই একটু করে তিলাওয়াত করে নিই। তিনি সুমধুর কণ্ঠে কুরআন তিলাওয়াত করতেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: বলতেন: আবু মূসা দাউদের আ: লাহানের কিছু অংশ লাভ করেছে।

তার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: খুবই পছন্দ ছিল। তার কুরআন তিলাওয়াত শুনতে পেলেই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: দাড়িয়ে যেতেন। একবার হযরত আশিয়াকে রা: সংগে করে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: কোথাও যাচ্ছিলেন। পথিমধ্যে আবু মূসার কুরআন তিলাওয়াত শুনতে পেয়ে সেখানেই দাড়িয়ে যান। কিছুক্ষন শোনার পর আবার সাল্লাল্লাহু আলাইহি ওয়া সামনে অগ্রসর হন। একবার আবু মূসা জোর আওয়াজে ইশার নামাজে কুরআন তিলাওয়াত করছিলেন। সুমধুর আওয়াজ শূনে উম্মুহাতুল মুমিনীন হুজরার পর্দার কাছে এসে কান লাগিয়ে কুরআন তিলাওয়াত শুনতে থাকেন। সকালে যখন এ কথা জানতে পারলেন বললেন: আমি যদি এ কথা জানতে পারতাম তাহলে

আরো চিত্তাকর্ষক আওয়াজে তিলাওয়াত করে তাদেরকে কুরআনের আশেক বানিয়ে দিতাম। তার এই অসাসাধারণ খোশ লাহানের কারণেই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: মুয়াজ বিন জাবালের সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাথে তাকেও নওমুসলিমদের কুরআনের তালীম দানের জন্য ইয়ামনে পাঠান। পবিত্র কুরআনের সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাথে সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাথে হাদীছের খিদমতেও তার অবদান কোন অংশ কম ছিলনা। কুফায় তার স্বতন্ত্র হালকায়ে দারসে হাদীছ ছিল।

এই দরসের মাধ্যমে বড় বড় মুহাদ্দিসীন সৃষ্টি হয়েছে। তার বর্ণিত হাদীছের সংখ্যা ৩৬০। তন্মধ্যে ৫০ টি মুত্তাফাক আলাইহি, ৪৫টি বুখারী এবং ২৫টি মুসলিম এককভাবে বর্ণনা করেছেন। কুরআন ও হাদীছে তার প্রভূত দখল থাকা সত্ত্বেও নিজের ভুল-ভ্রান্তি সম্পর্কে তিনি সচেতন ছিলেন। তেমনিভাবে অন্যের জ্ঞানের কদরও করতেন। এববার তিনি মীরাস সংক্রান্ত একটি মাসয়ালায় ফাতওয়া দিলেন। ফাৎ*ওয়া জিজ্ঞেসকারী আব্দুল্লাহ ইবন মাসউদের কাছেও বিষয়টি জিজ্ঞেস করে। আব্দুল্লাহ ইবনে মাসউদ অন্যরকম ফতোয়া দিলেন। আবু মূসা নিজের ভুল স্বীকার করে মন্তব্য করেন, আব্দুল্লাহ বিন মাসউদ জীবিত থাকা পর্যন্ত তোমাদের আমার কাছে আসার আলাইহি ওয়া সাল্লাম উচিত নয়। হযরত আবু মূসার জীবনটি ছিল, রাসূলের পাকের জীবনের বাস্তব প্রতিচ্ছবি। সর্বদা তিনি চেষ্টা করতেন রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: প্রতিটি কাজ, চলন, বলন, ইত্যাদি হুবহু অনুকারণ ও অনুসরণ করতে। একবার তিনি মক্কা থেকে মদীনা যাচ্ছিলেন। পথে ইশার নামাজে দুউ রাকায়াত আদায় করলেন। তারপর আবার দাড়িয়ে সূরা আন নিসাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামর ১০০টি আয়াত পাঠের মাধ্যমে এক রাকায়াত আদায় করলেন। লোকেরা প্রতিবাদ করলে তিনি বললেন, আমি সব সময় চেষ্টা করে. যেখানে যেখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: রেখেছেন সেখানে সেখানে কদম রাখার এবং তিনি যে কাজ করেছেন হুবহু তাই করার।

রামাদানের রোযা ছাড়াও নফল রোজা এজন্য রাখতেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: তা রেখেছেন। আশুরার রোযা তিনি বরাবর রাখতেন এবং মানুষকে তা রাখার জন্য বলতেন। সুন্নাত ছাড়া মুস্তাহাবেরও তিনি ভীষন পাবন্দ ছিলেন। কুরবানীর পশু নিজ হাতে জবেহ করা মুস্তাহাব। শুধু এ কারণে তিনি তার নিজ কন্যাদেরকেও হুকুম দিতেন নিজ হাতে পশু জবেহ করার জন্য।

রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: নির্দেশ ছিল কোন ব্যাক্তি যখন কারো বাড়িতে যাবে তখন ভিতরে প্রবেশ করার আগে যেন অনুমতি নেয়। যদি তিনবার অনুমতি চাওয়ার পরেও অনুমতি না পাওয়া যায় তাহলে সে যেন ফিরে আসে। একবার আবু মূসা গেলেন খলীফা উমারের সাথে দেখা করতে। এক এক করে তিনবার তিনি অনুমতি চাইলেন, কিন্তু খলীফা অন্য কোন কাজে ব্যস্ত থাকায় সাড়া দিতে পারলেন না। আবু মূসা ফিরে আসলেন। অন্য এক সময় খলীফা জিজ্ঞেস করলেন আবু মূসা ফিরে গেলে কেন? বললেন, আমি তিনবার অনুমতি চাওয়ার পরেও সাড়া পাইনি তাই ফিরে গেছি। এই কথার পর তিনি এ সম্পর্কিত রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: হাদীছটি বর্ণনা করে শুনালেন। উমার রা: বললেন, হাদীছটি তুমি ছাড়া অন্যকেউ শুনেছে এমন একজন সাক্ষী নিয়ে আসো। আবু মূসা ভয়ে কাপতে কাপেতে আনসারদের অনুসারীদের এক মজলিসে উপস্থিত হলেন। সেখানে উপস্থিত উবাই বিন কাবও হাদীছটি শুনেছিলেন। তিনি উমারের রা: কাছে উপস্থিত হয়ে সাক্ষ্য দেন। শাবী বলেন: ছয়জনের কাছ থেকে ইলম গ্রহন করা হয়: উমার, আলী, উবাই,ইবনে মাসউদ, যায়িদ ও আবু মূসা ।

খলীফ উমার রা: তাকে বসরার ওয়ালী নিযুক্ত করে পাঠালেন। সবরায় পৌছে তিনি সমবেত জনতার সামনে ভাষন দিতে গিয়ে বলেন আমীরুল মুমিনীন আমাকে আপনাদের কাছে পাঠিয়েছেন। আমি আপনাদেরকে আপনাদের রবের কিতাব ও তার নবীর সুন্নাত শিক্ষা দেব এবং আপনাদের পথ ঘাট সমূহ আপনাদের কল্যানের জন্য পরিষ্কার পরিচ্ছন্ন করবো। ভাষন শুনে জনতাতো অবাক। জনগনকে সংস্কৃতিবান করে তোলা, তাদেরকে দ্বীনের শিক্ষায় শিক্ষিত করাতো শাসকের দায়িত্বের আওতায় পড়তে পারে। কিন্তু তাদের পথঘাটসমূহ পরিষ্কার করার দায়িত্ব তিনি কেমন করে পালন করতে পারেন? ব্যাপারটি তাদের কাছে ভীষন আশ্চর্য্যের মনে হলো। তাই হযরত হাসান রা: তার সম্পর্কে মন্তব্য করেছেন : তার চেয়ে উত্তম আরোহী বসরাবাসীদের জন্য আর কেউ আসেনি। (রিজালুন হালার রাসূল) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম: তার সম্পর্কে বলতেন: আবু মূসা অশ্বারোহীদের নেতা।

হযরত আবু মূসার সামনে উম্মাতের কল্যান চিন্তাটাই ছিল সবচেয়ে বড়। এজন্য সারাজীবন ব্যক্তিগত সব লাভ ও সুযোগের প্রতি পদাঘাত করেছেন। আলী রা: ও

মুয়াবিয়ার রা: মধ্যে যখন যুদ্ধ চলছে, তখন একদিন মুয়াবিয়া আবু মূসাকে বলেছেন. যদি তিনি মুয়াবিয়া সমর্থন করেন, তাহলে তার দু ছেলেকে যথাক্রমে বসরা ও কুফার ওয়ালী নিয়োগ করবেন এবং তার সুযোগ-সুবিধার প্রতিও যত্নবান হবেন। জবাবে আবু মূসা লিখলেন: আপনি উম্মাতে মুহাম্মাদীর অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে লিখেছেন। যে জিনিস আপনি আমার সাল্লাল্লাহু আলাইহি ওয়া সামনে পেশ করেছেন, তার আমার প্রয়োজন নেই।

লজ্জা-শরম ঈমানের অঙ্গ। আবু মূসার মধ্যে এই উপাদানটি পরিপূর্ণরুপে ছিল। রাতে ঘুমানোর সময়ও বিশেষ ধরণের পোশাক পড়ে নিতেন, যাতে সতর উন্মুক্ত না হয়ে যায়। একবার কিছু লোককে তিনি দেখলেন, তারা পানির মধ্যে উলঙ্গ হয়ে গোসল করছে। তিনি বললেন, বার বার মনে জীবিত হওয়া আমার মন:পূত তবুও একাজ আমার পছন্দ নয়।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১৪৬৪

হাফসা বিনতে ‘উমার ইবনুল খাত্তাব (রা)

Ahmad Faruq M

Senior Member

১২-২১-২০১৫

মহিলা সাহাবীদের পাতা থেকেঃ

হাফসা বিনতে ‘উমার ইবনুল খাত্তাব (রা)

==========

উম্মুল মু’মিনীন হাফসা (রা) দ্বিতীয় খলীফা ‘উমার ইবনুল খাত্তাবের (রা) কন্যা। মা খুযা‘আ গোত্রের মেয়ে যয়নাব বিনত মাজ‘উন প্রখ্যাত সাহাবী ‘উসমান ইবন মাজ‘উনের আপন বোন। তিনি নিজেও একজন সাহাবী। আবদুল্লাহ ইবন উমার ও হাফসা (রা) আপন ভাই-বোন।১ হাফসা আব্দুল্লাহর চেয়ে ছয় বছরের বড়।২ রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামল্লাম) নবুওয়াত প্রাপ্তির পাঁচ বছর পূর্বে মক্কায় জন্মগ্রহণ করেন। উমার (রা) বলেনঃ মক্কার কুরাইশরা তখন কা‘বা ঘরের পুনঃনির্মাণের কাজে ব্যস্ত।

বিয়ের বয়স হলে পিতা উমার ইবনুল খাত্তাব (রা) বনু সাহম গোত্রের সন্তান খুনাইস ইবন হুজাফার সাথে তাঁর প্রথম বিয়ে দেন। এই খুনাইস মক্কায় প্রথম পর্বে ইসলাম গ্রহণকারীদের অন্যতম। হাবশায় হিজরাতকারী দ্বিতীয় দলটির সাথে হাবশায় হিজরাত করেন।৪ অবশ্য মূসা ইবন উকরবা ও আবু মা‘শার তাঁর হাবশায় হিজরাতের কথা উল্লেখ করেননি।৫ সেখান থেকে মক্কায় ফিরে এসে আবার মদীনায় হিজরাত করেন। মদীনায় পৌঁছে কুবার বনু আমর ইবন আওফ গোত্রের রিফা‘য়া ইবন আবদিল মুনজিরের গৃহে আশ্রয় নেন।৬ হাফসার (রা) ইসলাম গ্রহণের সময়কাল সম্পর্কে স্পষ্টভাবে কিছু জানা যায় না। তবে এতটুকু নিশ্চিতভাবে জানা যায় যে, ‘উমার ইসলাম গ্রহণের সাথে সাথে তার নিজ গোত্র ও

খান্দানের লোকেরা ইসলাম গ্রহণ করেন। সম্ভবতঃ হাফসাও সেই সময় পরিবারের লোকদের সাথে ইসলাম গ্রহণ করেন।৭

স্বামীর সাথে তিনি মদীনায় হিজরাত করেন। মদীনায় আসার অল্পকাল পরেই বিধবা হন। তখন তাঁর বয়স বিশ বছরও হয়নি।৮ খুনাইসের মৃত্যুর সময়কার নিয়ে কিঞ্চিত মতভেদ আছে। অধিকাংশ সীরাত বিশেষজ্ঞের মতে তিনি বদর ও উহুদ যুদ্ধে যোগদান করেন। উহুদে তাঁর দেহেরে একাধিক স্থানে জখম হয় এবং মদীনায় ফিরে এসে তাতেই মারা যান।৯ ভিন্ন মতে তিনি বদরে রাসূলুল্লাহর ('সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সাথে ছিলেন। সেখানে অসুস্থ হয়ে পড়েন বা জখম হন এবং রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামল্লাম) বদর থেকে মদীনায় ফেরার পর হিজরী দ্বিতীয় সনে তিনি মারা যান।১০ মেয়ে বিধবা হওয়ার পর পিতা উমার (রা) তাঁর দ্বিতীয় বিয়ের কথা ভাবতে লাগলেন। ঘটনাক্রমে সেই সময় রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মেয়ে ও হযরত উসমানের (রা) স্ত্রী রুকাইয়্যা (রা) ইনতিকাল করেন! উমার (রা) সর্বপ্রথম উসমানের সাথে দেখা করে তাঁর সাথে হাফসার বিয়ে দেওয়ার ইচ্ছা প্রকাশ করেন। উসমান বিষয়টি ভেবে দেখবো বলে সময় নেন। কয়েক দিন পর, 'আমি এ সময় বিয়ে করতে চাচ্ছি না'-বলে জবাব দেন। তারপর উমার (রা) গেলেন আবু বকরের (রা) কাছে। বললেনঃ আপনার সাথে আমি হাফসা কে বিয়ে দিতে চাই। আবু বকর (রা) চুপ থাকলেন, কোন জবাব দিলেন না। উসমানের (রা) জবাবে উমার (রা) যতখানি আহত হন তার চেয়ে বেশি হন আবু বকরের (রা) আচরণে। উমার (রা) রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) খিদমতে হাজির হয়ে মনের দুঃখ প্রকাশ করেন।১১ ইবনুল আসীর বলেন, ওমার (রা) প্রথমে আবু বকরকে (রা) প্রস্তাব করেন, কিন্তু তিনি কোন উত্তর না দেওয়ায় উসমানকে (রা) প্রস্তাব করেন।১২ 'আয়িশার (রা) সাথে বিয়ের মাধ্যমে আবু বকরের (রা (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ঘনিষ্ঠ আত্মীয়তার সম্পর্ক সৃষ্টি হয়। কিন্তু উমারের (রা) সাথে কোন আত্মীয়তা ছিলনা। হাফসার (রা) সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাথে বিয়ের মাধ্যমে এমন সম্পর্ক সৃষ্টি হওয়া আল্লাহর মর্জি চিল। উমারের (রা) দুঃখের কথা শুনে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ হাফসা কে বিয়ে করবে উসমানের চেয়েও ভালো এক ব্যক্তি এবং উসমান বিয়ে করবে হাফসার চেয়েও ভালো এক মহিলাকে।১৩ অন্য একটি বর্ণনায় এসেছে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লাম) বলেন আমি কি তোমাকে উসমানের চেয়ে ভালো জামাই এবং উসমানকে তোমার চেয়ে ভালো শ্বশুরের সন্ধান দেব না? উমার বলেনঃ ইয়া রাসূলাল্লাহ! অবশ্যই দেবেন। তখন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ তোমার মেয়ে হাফসা কে আমার সাথে বিয়ে দাও, আর আমার মেয়ে উম্মু কুলসুমকে বিয়ে দিই উসমানের সাথে।১৪ এভাবে বিয়ের কথা পাকাপাকি হয়ে যায়। হাফসার পিতা উমার নিজেই ওলি হয়ে বিয়ের কাজ সম্পন্ন করেন। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) হাফসা কে চার শো দিরহাম দেন মোহর দান করেন।১৫ উমারের (রা) প্রস্তাবে উসমান ও আবু বকরের (রা) সাড়া না দেওয়ার কারণ হলো, তাঁর রাসূলুল্লাহকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামল্লাম) হাফসার কথা আলোচনা করতে শুনেছিলেন। তারা বুঝেছিলেন, তিনি উমারের (রা) সম্মানার্থে হাফসা কে বিয়ে করতে আগ্রহী। কিন্তু তাঁরা এ কথাটি উমারকে বলতে সাহস করেননি এই ভয়ে যে, তাঁদের বুঝার ভুলও হতে পারে।১৬ এ কারণে রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সাথে হাফসার বিয়ের কাজ সম্পন্ন হবার পর আবু বকর (রা) একদিন উমারের (রা সাথে দেখা করে বলেনঃ রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদিন হাফসার কথা বলেছিলেন, আমি তাঁর গোপন কথা প্রকাশ করতে চাইনি। এছাড়া আপনার প্রস্তাবের জবাব না দেওয়ার আর কোন কারণ ছিল না।১৭রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামল্লাম) সাথে হাফসার বিয়ে কখন হয় সে বিষয়ে সীরাত বিশেষজ্ঞদের একটু মতভেদ আছে। এ মতপার্থক্যের সৃষ্টি হয়েছে মূলতঃ তাঁর স্বামীর মৃত্যুর সময় নিয়ে মতপার্থক্যের কারণে। ইবনুল আসীর বলেন, অধিকাংশ আলেমের মতে হিজরী তৃতীয় সনে এ বিয়ে হয়।১৮ আবু উবাসয়দার মতে, এ বিয়ে হন হিজরী দ্বিতীয় সনে। আর এটাই ইবন আবদিল বার-এর মত। ইবন হাজার আল-ইসাবাহ গ্রন্থে তৃতীয় সনের মতটি অধিকতর গ্রহণযোগ্য বলে উল্লেখ করেছেন। কারণ, তাঁর প্রথম স্বামী উহুদে শাহাদাত বরণ করেন। অনেকে বলেন, হিজরাতের ২৫ মতান্তরে ৩০ মাস পরে এ বিয়ে হন। কোন কোন বর্ণনায় ২০ মাস পরের কথাও এসেছে! অথচ উহুদ যুদ্ধ হয় হিজরাতের ৩০ মাসেরও পরে। ইবন সা'দ জোর দিয়ে বলেন, তাঁর প্রথম স্বামী বদর থেকে ফেরার পর মারা যান। ইবন সা'দ বলেন, হিজরাতের ৩০ মাসের মাথায় মা'বান মাসে এ বিয়ে হয়।২০ হাফসার(রা) মৃত্যুসন নিয়ে সীরাত বিশেষজ্ঞদের একটু মতপার্থক্য আছে। সর্বাধিক প্রসিদ্ধ মতে,

তিনি ৪৫ হিজরীর শা'বান মাসে মদীনায় ইনতিকাল করেন। আমীর মু'য়াবয়িার ৯রা) খিলাফতকাল এবং মদীনার গভর্ণর তখন মারওয়ান। তিনি জানাযার নামায পড়ান, লাশের সাথে বাকী গোরস্থান পর্যন্ত যান এবং দাফন কার্য শেষ হওয়া পর্যন্ত বসে থাকেন। আলে হাযামের বাড়ী থেকে মুগীরার বাড়ী পর্যন্ত লাশবাহী খাটিয়ায় তিনি কাঁধ দেন এবং সেখানে তার স্থলে আবু হুরাইরা (রা) কাঁধ দিয়ে কবর পর্যন্ত নিয়ে যান। হাফসার (রা) ভাই আবদুল্লাহ ইবন উমার (রা) এবং তাঁর ছেলেরা- 'আসিম, সালিম, আবদুল্লাহ ও হামযা লাশ কবরে নামান। এভাবে তিনি বাকী গোরস্থানে সমাহিত হন। উল্লেখিত মতটি মা'মার, যুহরী ও সালিমের সূত্রে আল-ওয়াকিদী বর্ণনা করেছেন।২১ তবে ইবনুল আসীরে ঝোঁক এই দিকে যে, যে সময় হাসান ইবন আলী (রা) আমীর মুয়াবিয়ার (রা) হাতে বাইয়াত করেন সেই সময় হাফসা র ওফাত হয়। আর সেটা ৪১ হিজরীর জামাদিউল আওয়াল মাস। আর এই সনকে আমুল জামা'য়াহ বলা হয়।

অন্য একটি বর্ণনায় এসেছে, তিনি হিজরী ২৭ সনে উসম্যানের (রা) খিলাফতকালে মারা যান। এ মতটির ভিত্তি হলো, ওয়াহাব ইবন মালিক বলেছেন, যে বছর আপ্রিকা বিজয় হয়, সেই বছর তিনি মারা যান। আর আফ্রিকা বিজয় হয় হিজরী ২৭ সনে। কিন্তু এ এক মারাত্মক ভুল। কারণ আফ্রিকা বিজয় হয় দুইবার। প্রথম বিজয় হয় হিজরী ২৭ সনে, আর দ্বিতীয় বিজয় হয় মু'য়াবিয়ার (রা) খিলাফতকালে। এ বিজয়ের গৌরবের অধিকারী ছিলেন মু'য়াবিয়া ইবন খাদিজা (রা)।২২ মৃত্যুকালে হাফসা আলাইহি ওয়া সাল্লামর (রা) বয়স হয়েছিল ৬৩ অথবা ৫৯ বছর।

মৃত্যুর পূর্বে তিনি ভাই আবদুল্লাহ ইবন উমারকে (রা) একই উপদেশ দান করেন যা তাঁর পিতা উমার (রা) তাঁকে মৃত্যুর সময় দান করেছিলেন। পিতা তাঁকে গাবা'তে যে ভূ-সম্পত্তি দিয়ে যান তিনি আল্লাহর রাস্তায় ওয়াকফ করে দেণ।২৩ হাফসা আলাইহি ওয়া সাল্লাম (রা) কোন সন্তান রেখে যাননি।২৪ হাফসার (রা) সন্তানাদি না থাকলেও তিনি অনেক স্নেহভাজন নারী ও পুরুষ রেখে যান যারা তাঁর নিকট হাদীস শুনেছিলেন এবং তা বর্ণনাও করে গেছেন। তাঁদের মধ্যে সর্বাধিক উল্লেখযোগ্য হলেনঃ আবদুল্লাহ ইবন উমার, হামযা ইবন আবদিল্লাহ, সাফিয়্যা বিনত আবী উবায়দা (আবদুল্লাহর স্ত্রী), মুত্তালিব ইবন আবী ওয়াদায়া, উম্মু মুবাশশির আল আনসারদের সারিয়্যা, আবদুর রহমান ইবন হারেস ইবন হিশাম,

আবদুল্লাহ ইবন সাফওয়ান ইবন উমাইয়্যা, শুতাইর ইবন শাকাল, সালওয়া আল-খুযাঈ, আল-মূসায়্যিব ইবন রাফে, আল-মাজলায ও আরো অনেকে।২৫ হাফসা আলাইহি ওয়া সাল্লাম (রা) থেকে মোট ৬০টি হাদীস বর্ণিত হয়েছে। এগুলি তিনি খোদ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ও পিতা উমার (রা) থেকে শুনেছিলেন।২৬ তার বর্ণিত চারটি হাদীস মুত্তাফাক 'আলাইহি এবং চয়টি হাদীস বুখারী হাদীস বুখারী এককভাবে বর্ণনা করেছেন।২৭ হযরত হাফসার (রাঃ) তৎকালীন আরবের অন্য সকল নারী-পুরুষের মতই কোন প্রাতিষ্ঠানিক শিক্ষা ছিল না। তবে পিতা উমার (রা) ও স্বামী রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) চেয়ে বড় শিক্ষক আর কে হতে পারতেন? তাঁদের প্রতিপালক ও তত্ত্বধানে তাঁর মধ্যে জ্ঞানার্জন ও দীনকে বুঝার প্রবল আগ্রহ জন্ম নেয়। দীনী বিষয়ে তাঁর যে গভীর জ্ঞান ছিল, বিভিন্ন ঘটনায় তা জানা যায়। একবার রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ আমি আশা করি বদর ও হুদাইবিয়ায় অংশগ্রণকারীগণ জাহান্নামে যাবে না।' হযরত হাফসা (রা) বলে উঠলেন, আল্লাহ তো বলেছেনঃ আরবী হবে

তোমাদের মধ্যে এমন কেউ নেই, যে সেখানে (জাহান্নামে) পৌঁছবে না।

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ হ্যাঁ, তা ঠিক, তবে একথাও তো আল্লাহ বলেছেনঃ আরবী হবে

''অতঃপর আমি খোদাভীরু লোকদের উদ্ধার করবো এবং জালেমদেরকে সেখানে নতজানু অবস্থায় ছেড়ে দেব।'' (সূরা মারইয়াম-৭১-৭২)২৮ হাফসার (রা) মধ্যে শেখা ও জানার প্রবল আগ্রহ লক্ষ্য করে রাসূলে কারীমও (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সবসময় তাঁকে বিভিন্ন বিষয়ে শেখানোর চিন্তা করতেন। হযরত শিফা বিনত আবদিল্লাহ ছিলেন একজন মহিলা সাহাবী। তিনি লিখতে ও পড়তে জানতেন। হযরত হাফসা তাঁর নিকট লেখা শেখেন। এই শিক্ষা নামলা'২৯ নামক এক প্রকার ক্ষত-রোল নিরাময়ের ঝাঁক-ফুঁক করতেন। একদিন তিনি রাসূলে কারীমের (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নিকট এসে বললেনঃ আমি জাহিলী জীবনে ঝাঁড়-ফুঁক করতালম। আপনি আনুমতি দিলে তা আমি আপনাকে শুনাই। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) শুনে বললেন, এই ঝাঁড়-ফুঁকটি তুমি হাফসাকে ও শিখিয়ে দাও। অন্য একটি বর্ণায় এসেছে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লাম) শিফাকে বলেন, তুমি কি হাফসাকে এই নামলা'র দু'আটি শিখিয়ে দেবে না যেমন তাকে লেখা শিখিয়েছো?৩০ রাসূলে পাকের (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) জীবদ্দশায় এবং পরবর্তী জীবনে হাফসা (রা) প্রচুর ইবাদাত-বন্দেগী করতেন। সব সময় রোযা রাখতেন এবং অতিমাত্রায় রাত জেগে নামায আদায় করতেন। জিবরীল (আ) তাঁর সম্পর্কে রাসূলকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ তিনি অতিমাত্রায় সিয়াম পালনকারিণী এবং রাতের বেলাতে খুব বেশি ইবাদাতকারিণী।৩১ অন্য একটি বর্ণনায় এসেছে, জিবরীল (আ) বলেনঃ তিনি একজন সৎকর্মশীলা নারী।৩২ তাঁর সম্পর্কে বর্ণিত হয়েছে যে, রোযা অবস্থায় তিনি মৃত্যুবরণ করেছেন।৩৩ তিনি সব রকমের মতবিরোধকে অপছন্দ করতেন। সিফফীন যুদ্ধের পর যখন দুমাতুল জান্দালে শালিশ-ফয়সালার বিষয়টি এরো তখন তাঁর ভাই আবদুল্লাহ ইবন উমার (রা) তা একটি ফিতনা ফাসাদ মনে করে ঘর থেকে বের হতে চাইলেন না। কিন্তু হাফসা তাঁকে বললেন, এতে অংশগ্রহণে তোমার কোন লাভ নেই, তবে তোমার অংশগ্রহণ করা উচিত। কারণ, মানুষ তোমার মতামতের অপেক্ষায় থাকবে। এমনও হতে পারে, তোমার এই দূরে থাকা তাদের মধ্যে বিরোধ সৃষ্টি করতে পারে।৩৪ অন্য একটি বর্ণনায় এসেছে তিনি বলেনঃ উম্মাতে মুহাম্মদীর মধ্যে আপোষ-মীমাংষা হতে পারে এমন কোন বিয়ষ থেকে দূরে থাকা সমীচীন নয়। তুমি হচ্ছো রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) শ্যালক এবং উমার ইবনুল খাত্তাবের ছেলে।৩৫ রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইনতিকালের পর হাফসা আলাইহি (রাঃ) জনগণের পক্ষে বিভিন্ন দাবী নিয়ে খলীফাদের সাথে, বিশেষত তাঁর পিতা দ্বিতীয় খলীফা উমারের (রা) সাথে কথা বলতেন। অনেক সময় খলীফাও তার মেয়ের পরামর্শ গ্রহণ করতেন। এ রকম কিছু ঘটনা সীরাতের গ্রন্থাবলীতে দেখা যায়।

'উমার (রা) খলীফা হওয়ার পরও প্রথম খলীফা আবু বকরের (রা) সময় তঁর জন্য নির্ধারিত ভাতার উপর নির্ভর করে সংসার চালাতেন। কিন্তু তাতে তার সংসার ভালো মত চলে না দেখে উসমান আলী তালহা যুবাইর (রা) প্রমুখ বিশিষ্ট সাহাবী একত্র হয়ে বিষয়টি নিয়ে আলোচনা করলেন। তাঁরা বিষয়টি নিয়ে খলীফা উমারের (রা) সাথে কথা বলার সিদ্ধান্ত নিলেন। কিন্তু বিড়ারের গলায় ঘন্টা বাঁধবেন কে? বিষয়টি নিয়ে খলীফার সাথে কথা বলতে তাঁরা কেউ সাহস পেলেন না। শেষমেষ তাঁরা হাফসার দ্বারস্থ হলেন এবং তাকেই খলীফার সাথে কথা বলার জন্য অনুরোধ

করলেন। হাফসা (রা) কথা বললেন, কিন্তু খলীফা রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) জীবনের আড়ম্বরহীনতা ও সরলতার কথা স্মরণ করিয়ে দিয়ে তাঁকে বিদায় দেন।৩৬ আর একবার তিনি তাঁর পিতা খলীফা উমারকে (রা) তাঁর পোশাক ও খাদ্যের মান বাড়ানোর জন্য আবেদন জানিয়ে বললেনঃ আল্লাহ তা'আলা এখণ তো মুসলমানদের জীবিকায় আগের চেয়ে প্রশস্ততা দান করেছেন। উমার (রা) তাঁর মেয়েকে রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) জীবনের কঠিন বাস্তবতার কথা স্মরণ করিয়ে দিয়ে খুব কাঁদলেন।৩৭

একবার খলীফা উমারের (রা) নিকট কিছু অর্থ-সম্পদ এলো। হাফসা এসে বললেনঃ হে আমীলুল মুমিনীন! আল্লাহ তা'আলা নিকট-আত্মীয়দের ব্যাপারে অসীয়াত করেছেন। এই সম্পদে আপনার নিকট আত্মীয়দের অধিকার আছে। মেয়ের কথা শুনে খলীফা বললেনঃ আমার নিট আত্মীয়দের অধিকার আমার সম্পদে। আর এই সম্পদ তো মুসলমানদের। মেয়ে, তুমি তোমার পিতাকে ধোঁকায় ফেলছো। ওঠো, এখান থেকে যাও। এরপর হাফসা চাদরের আচল টানতে চাইতে দ্রুত স্থান ত্যাগ করেন।৩৮ ইব জুরাইজ থেকে বির্ণত হয়েছে খলীফা উমার (রা) একদিন রাতের বেলা কা'বা তাওয়াফ করা অবস্থায় এক মিলঞাকে করুণ সুরে একটি বিরহ সঙ্গীত গাইতে শুনলেন। যার দুইটি পংক্তি এই রকমঃ

আরবী হবে

-এই রাত দীর্ঘ ও বিস্তৃত হয়েছে, চতুর্দিক ঘন অন্ধকারে ঢেকে গেছে। একাকী আমি জেগে আছি, পাশে কোন প্রিয়জন নেই যার সাথে প্রেমালাপ করতে পারি। -আল্লাহ-যিনি অতুলনীয়, যদি তাঁর ভয় না থাকতো হাতলে এই শয্যাধারের চারপাশ অবশ্যই কম্পিত হতো।

খলীফা উমার (রা) মহিলার কাছে গিয়ে জিজ্ঞেস করলেনঃ তোমার কি হয়েছে? মহিলা বললোঃ কয়েক মাস যাবত আমার স্বামী আমার থেকে দূরে আছে। তাঁকে কাছে পাওয়ার অনুভূতি আমার মধ্যে তীব্র হয়ে উঠেছে। তারপর উমার (রা) মেয়ে হাফসার কাছে গিয়ে বলেন, আমি তোমার কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় জানতে চাই, আমাকে তুমি সাহায্য কর। মেয়েরা স্বামী থেকে দূরে থাকলে কতদিন পর স্বামীকে কাছে পাওয়ার অনুভূতি তীব্র হয়ে ওঠে? হাফসা লজ্জায় মাথানত করে ফেলেন। উমার বললেনঃ আল্লাহ সত্য প্রকাশের ব্যাপারে লজ্জা করেন না। তখন

হাফসা হাত দিয়ে উশারা করে তিন অথবা চার মাস বুঝিয়ে দেন। তখন উমার (রা) নির্দেশ দেন, কোন সৈনিককে যেন চার মাসের অধিক আটকে রাখা না হয়।৩৯ আল-বায়হাকী (৯/২৯) ইবন উমার (রা) থেকে বর্ণনা করেছেন। একদিন আমার (রা) রাতের বেলা নগর পরিভ্রমণে বেরিয়ে এক মহিলাকে উপরোক্ত পংক্তি দুইটি গাইতে শোনেন। তারপর তিনি হাফসাকে জিজ্ঞেস করেনঃ মেয়েরা সর্বাধিক কতদিন স্বামী ছাড়া থাকতে পারে? হাফসা বলেনঃ ছয় অথবা চার মাস। উমার (রা) বলেনঃ আমি এর চেয়ে বেশিদিন কোন সৈনিককে আটকে রাখবো না।৪০ হাফসা (রা) ছিলেন উমারের (রা) কন্যা। পিতার মত তাঁর মেজাজেও ছিল কিছুটা তীক্ষ্মতা। কখনো কখনো রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কথার পিঠে কথা বলতেন। ততে দাম্পত্য জীবনে মনোমালিন্যের উপক্রম হতো। এ সম্পর্কে একটি ঘটনা বুখারীসহ অন্যান্য গ্রন্থে বর্ণিত হয়েচে। উমার (রা) একবার ইবন আববাসকে (রা) বললেনঃ জাহিলী আমলে কুরাইশ নারীরা পুরুষের অনুগত ও বাধ্য থাকতো। আমরা তাদের বিন্দুমাত্র মূল্য দিতাম না। ইসলাম তাদেরকে মর্যাদা দান করে। তাদের সম্পর্কে বহু আয়াত নাযিল হওয়ার পর আমরা তাদের স্থান ও মর্যদা অবগত হই। আমরা মদীনায় এসে দেখলাম, মদীনায় নারীরা পুরুষদের বাধ্য ও অনুগত করে রেখেছে। ধীরে ধীরে আমাদের নারীরা তাদের কাছে শিক্ষা পেতে লাগলো। আমার বাড়ীটি ছিল আওয়ালীর বনু উমাইয়্যা ইবন যায়িদ পল্লীতে। আমি একদিন স্ত্রী উপর ভীষণ ক্ষেপে গেলাম। সেও ছেড়ে দিল না, কথার পিঠে কথা শুনিয়ে দিল। তার এমন প্রত্যুর্ত্তর আমার মোটেই ভালো লাগলো না। তখন সে বললো, আমার এরূপ উত্তর করা আপনার পছন্দ নয়, অথচ রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) স্ত্রীরাও তাঁর কথার প্রত্যুত্তর করে থাকেন। কোন কোন স্ত্রী আজ সন্ধ্যা পর্যন্ত তার থেকে দূরে আছেন। অন্য একিট বর্ণনায় এসেছে তিনি বলেনঃ আপনার মেয়ে হাফসা রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মুখের উপর জবাব ছুড়ে দেয়। তাতে এমন হয় যে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সারাদিন বিমর্ষ থাকেন।

'উমার (রা) বলেনঃ একথা শুনে আমি হাফসার কাছে ছুটে গেলাম এবং তাকে জিজ্ঞেস করলামঃ তোমরা কি রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কথার প্রত্যুত্তর করে থাকে? হাফসা বললোঃ হাঁ। আমরা এমন করে থাকি। আমি প্রশ্ন করলামঃ তোমাদের কেউ কি রাত পর্যন্ত তার থেকে দূরে থাক? হাফসা

বললোঃ হাঁ। বললামঃ তোমাদের মধ্যে যে এমন করে সে সফল হবে না। সে ক্ষতিগ্রস্ত হবে। তোমাদের কেউ কি আল্লাহর রাসূলের (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ক্রুদ্ধ হওয়ার পরেও আল্লাহর ক্রোধ থেকে নিরাপদ মনে করেছে? তোমার চেয়ে যে বেশি সুন্দরী ও রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) অধিক প্রিয় সে যেন তোমাকে ধোঁকায় না ফেলে।৪২

অন্য একটি বর্ণনায় এসেছে, 'উমার (রা) হাফসাকে লক্ষ্য করে বলেনঃ সাবধান! এমন করোনা। আমি তোমাকে আল্লাহর শাস্তির ব্যাপারে সতর্ক করছি। তুমি তার অহমিকার ফাঁদে পড়োনা যার সৌন্দর্য রাসূলুল্লাহকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বিমোহিত করেছে। (অর্থাৎ আয়িমা রা.)৪৩ অপর একটি বর্ণনায় এসেছে, তিনি হাফসাকে (রা) বলেনঃ তুমি রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কথার উত্তর করবে না। তোমার না আছে যয়নাবের সৌন্দর্য ও আয়িশার সৌভাগ্য।৪৪ তিরমিযী বর্ণনা করেছেন। একদিন উম্মুল মু'মিনীন হযরত সাফিয়্যা বসে বসে কাঁদছেন। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ঘরে এসে তাঁকে কাঁদতে দেখে এভাবে কান্নার কারণ জানতে চাইলেন। সাফিয়্যা বললেনঃ হাফসা আমাকে ইহুদীর মেয়ে' বলেছেন। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) হাফসাকে লক্ষ্য করে বললেনঃ তুমি আল্লাহকে ভয় কর।' তারপর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাফিয়্যাকে বললেনঃ তুমি তো একজন নবীর মেয়ে, তোমার চাচাও একজন নবী। তারপর একজন নবীর স্ত্রী। কোন ব্যাপারে হাফসা তোমার উপর গর্ব করতে পারে?৪৫ আর একবার হাফসা ও আয়িশা (রা) সাফিয়্যাকে বললেনঃ রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নিকট আমরা দুইজন তোমার চেয়ে অধিক মর্যাদার অধিকারী। আমরা তার স্ত্রী, তদুপরি তাঁর চাচাতো বোন। কথাগুলো হযরত সাফিয়্যাকে ভীষণ আহত করে। তিনি তাঁদের বললেনঃ তুমি তাদেরকে কেন একথা বললে না যে, তোমরা আমার চেয়ে অধিক মর্যাদার অধিকারী হতে পার না। কারণ, আমার স্বামী মুহাম্মাদ, আমার পিতা হারূন এবং চাচা মূসা আলাইহি ওয়া সাল্লাম।৪৬ 'আয়িশা ও হাফসা (রা) পরস্পর সতীন হলেও তাঁদের সম্পর্ক ছিল বোনের মত। অধিকাংশ ব্যাপারে তাঁরা একে অপরের সহযোগী ছিলেন। 'আয়িশা (রা) হাফসা সম্পর্কে বলেছেনঃ হাফসা বাপের বেটি। তাঁর বাপ যেমন প্রতিটি কথা ও কাজে দৃঢ়সংকল্প, হাফসাও তেমন।৪৭ রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) স্ত্রীদের মধ্যে একমাত্র হাফসাই আমার সমকক্ষতার দাবীদার ছিলেন।৪৮

আমরা দুইজন ছিলাম যেন একটি হাত।৪৯ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) অন্তিম রোগ শয্যায়। জীবনের প্রান্ত সীমায় এসে দাঁড়িয়েছেন। নামাযের সময় হলো। তিনি বললেন আবু বকরকে লোকদের নামায পড়াতে বল। আয়িশা বললেনঃ আবু বকর একজন কোমল মনের মানুষ। তিনি রাসূলুল্লাহর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) স্থানে দাঁড়িয়ে কুরআন পাঠ করতে গেলে কান্নায় তাঁর বাকরুদ্ধহয়ে যাবে, লোকেরা কিছুই শুনতে পাবে না-একথাগুলি তিনি হাফসা কে বললেন এবং তাঁর স্থলে উমারকে নির্দেশ দানেরজন্য রাসূলুল্লাহকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলতে তাঁকে অনুরোধ করলেন। আয়িশার (রা) কথামত হাফসা (রা) রাসূলুল্লাহকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলতেই তিনি মন্তব্য করলেনঃ 'তোমরা সবাই ইউসুফের সঙ্গী- সাথীদের মত।৫০

